শুক্রবার
২৭ নভেম্বর, ২০২৬ খ্রিস্টাব্দ
১২ অগ্রহায়ণ, ১৪৩৩ বঙ্গাব্দ
১৬ জমাদিউস সানি, ১৪৪৮ হিজরি
রেজি. নং- কেএন ৫২৬, বর্ষ-২১, সংখ্যা-১৪৫

দৈনিক
আকাশ খবর
সত্য নিষ্ঠায় নিঃশব্দ বিপ্লব
THE DAILY AKASH KHABAR



শেষ পাতায়
বাংলাদেশ আর কারও দাসত্ব মানবে না: মুক্তিযুদ্ধমন্ত্রী

খেলাধুলা | চ্যাম্পিয়নস লিগে পিএসজির ড্র, বায়ার্নের হার ৩য় পাতা
বিশ্ব সংবাদ | কোন খাত নিয়ে কী অভিযোগ যুক্তরাষ্ট্রের ৩য় পাতা
সম্পাদকীয় | এআই-নির্ভর নির্ভুল চিকিৎসা কি আদৌ সম্ভব? ২য় পাতা
শেষ পাতায় | চুয়াডাঙ্গায় বিভাগীয় কমিশনারের উন্নয়ন প্রকল্প শেষ পাতা

www.akashkhabar.com | প্রতিষ্ঠাতা : অ্যাড. তছিরুল আলম মালিক (ডিউক) | বর্ষ-২১, সংখ্যা-১৪৫ ■ পৃষ্ঠা-৪, মূল্য ৪ টাকা

কেনাকাটায় অনিয়মের অভিযোগ

দুদকের জালে চুয়াডাঙ্গা টিটিসির অধ্যক্ষ

প্রশিক্ষণ উপকরণ কেনায় অস্বাভাবিক মূল্য দেখানোর অভিযোগে দুদকের অভিযান

- এক পিস ইটের দাম দেখানো হয়েছে ২৭ টাকা
- এক ব্যাগ সিমেন্ট ১,১৮০ ও মবিল ১,০০০ টাকা
- নথিপত্র সংগ্রহ করেছে দুদকের চার সদস্যের দল

● নিজস্ব প্রতিবেদক:

চুয়াডাঙ্গা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে (টিটিসি) প্রশিক্ষণ উপকরণ কেনাকাটায় অস্বাভাবিক মূল্য দেখিয়ে সরকারি অর্থ ব্যয়ের অভিযোগে অভিযান চালিয়েছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। গতকাল বৃহস্পতিবার দুপুরে প্রতিষ্ঠানটিতে অভিযান চালিয়ে বিভিন্ন নথিপত্র সংগ্রহ ও যাচাই করেছে দুদকের চার সদস্যের একটি দল। এ সময় প্রতিষ্ঠানটির অধ্যক্ষ মুছাব্বেরুজ্জামান ও মালামাল সরবরাহকারীদের সঙ্গে কথা বলেন অভিযানকারী কর্মকর্তারা।

গণমাধ্যমের অনুসন্ধানে টিটিসির কেনাকাটার বিল-ভাউচারে এক পিস ইটের দাম ২৭ টাকা, এক ব্যাগ সিমেন্ট ১ হাজার ১৮০ টাকা, একটি সাধারণ বৈদ্যুতিক সুইচ ৭২ টাকা এবং এক লিটার মবিলের দাম ১ হাজার টাকা দেখানোর তথ্য উঠে আসে। বাজারদরের সঙ্গে এসব পণ্যের ক্রয়মূল্যের বড় ধরনের পার্থক্য পাওয়া যায়। প্রতি তিন মাস অন্তর প্রশিক্ষণ উপকরণ কেনার নামে সরকারি অর্থ ব্যয়ের হিসাবেও মিলেছে নানা অসংগতি।

বিল-ভাউচার পর্যালোচনায় দেখা যায়, ২০২৪ সালের ৪ নভেম্বর একই দিনে 'স্থপতি নির্মাতা ট্রেডার্স' ও 'জোনাকী কন্সট্রাকশন' নামে দুটি

▶ এরপর পৃষ্ঠা-২ কলাম ১



ছবি: আকাশখবর

দক্ষ কর্মী গড়তে পদক্ষেপ নিচ্ছে সরকার

● নিজস্ব প্রতিবেদক:

আন্তর্জাতিক শ্রমবাজারের চাহিদা অনুযায়ী বাংলাদেশি কর্মীদের দক্ষ করে গড়ে তুলতে সরকার বিভিন্ন পদক্ষেপ নিচ্ছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। একই সঙ্গে বিদেশগামী কর্মীদের সংশ্লিষ্ট দেশের ভাষা শেখানোর উদ্যোগও নেওয়া হচ্ছে বলে জানান তিনি।

গতকাল বৃহস্পতিবার সন্ধ্যায় ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে সরকারি উদ্যোগে সম্পূর্ণ বিনা অভিবাসন ব্যয়ে মালয়েশিয়ায় কর্মী



ছবি: আকাশখবর

পাঠানোর কার্যক্রম উদ্বোধনকালে প্রধানমন্ত্রী এসব কথা বলেন।

প্রধানমন্ত্রীর সহকারী প্রেস সচিব গাজী শাহরিয়ার পামির এ তথ্য জানান।

অনুষ্ঠানে প্রথম ফ্লাইটে

▶ এরপর পৃষ্ঠা-২ কলাম ৩

বাংলাদেশের সার্বভৌমত্বের দিকে ভুলেও চোখ তুলে তাকাবেন না: আইনমন্ত্রী

তিনি বলেছেন, বাংলাদেশের সার্বভৌমত্বের দিকে ভুলেও কেউ চোখ তুলে তাকাবেন না



ছবি: আকাশখবর

● ঝিনাইদহ অফিস:

পশ্চিমবঙ্গের এক মন্ত্রীর বাংলাদেশ দখলের মন্তব্যের জবাবে কড়া হুঁশিয়ারি দিয়েছেন আইনমন্ত্রী আসাদুজ্জামান। তিনি বলেছেন, বাংলাদেশের সার্বভৌমত্বের দিকে ভুলেও কেউ চোখ তুলে তাকাবেন না। একই সঙ্গে ভারতে অবস্থানরত পলাতক সাবেক প্রধানমন্ত্রী

▶ এরপর পৃষ্ঠা-২ কলাম ৫

জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ

চুয়াডাঙ্গায় জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ ও প্রদর্শনী

প্রান্তিক খামারিদের বিনামূল্যে চিকিৎসা ও পরিবেশবান্ধব খামার মডেল প্রদর্শন



ছবি: আকাশখবর

● নিজস্ব প্রতিবেদক:

'রপ্তানিমুখী প্রাণিসম্পদে গড়বো দেশ, সবার আগে বাংলাদেশ' প্রতিপাদ্যকে সামনে রেখে চুয়াডাঙ্গায় জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ ও প্রদর্শনী অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার সকাল ১০টা থেকে দিনব্যাপী সদর উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি

▶ এরপর পৃষ্ঠা-২ কলাম ৫

চুয়াডাঙ্গায় মর্মান্তিক ঘটনা

চুয়াডাঙ্গায় পরীক্ষার হলে শিক্ষার্থীর মৃত্যু

প্রশ্নপত্র বিতরণের আগেই বুকে ব্যথা অনুভব করে অসুস্থ হয়ে পড়েন তিনি

● নিজস্ব প্রতিবেদক:

চুয়াডাঙ্গায় অনার্স দ্বিতীয় বর্ষের পরীক্ষা দিতে গিয়ে অসুস্থ হয়ে বিপ্লব হোসেন সাগর (২০) নামে এক শিক্ষার্থীর মৃত্যু হয়েছে। গতকাল বৃহস্পতিবার (২৬ নভেম্বর) দুপুরে চুয়াডাঙ্গা সরকারি মহিলা কলেজ পরীক্ষা কেন্দ্রে প্রশ্নপত্র বিতরণের আগেই বুকে ব্যথা অনুভব করে অসুস্থ হয়ে পড়েন তিনি। পরে তাঁকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেওয়া হলে চিকিৎসক মৃত ঘোষণা করেন।



ছবি: আকাশখবর

মৃত বিপ্লব হোসেন সাগর জীবননগর উপজেলার সুভলপুর গ্রামের হাবিবুর রহমানের ছেলে। তিনি চুয়াডাঙ্গা সরকারি কলেজের ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের ২০২৫ শিক্ষাবর্ষের অনার্স দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী ছিলেন।

কলেজ সূত্রে জানা গেছে, দুপুর ১২টা ৫০ মিনিটের দিকে পরীক্ষার হলে প্রবেশ

▶ এরপর পৃষ্ঠা-২ কলাম ৫

ভোক্তা-অধিকারের অভিযান

দর্শনায় তিন প্রতিষ্ঠানে ৩৫ হাজার জরিমানা

অপরিচ্ছন্ন পরিবেশ ও মেয়াদোত্তীর্ণ ওষুধ বিক্রির দায়ে চুয়াডাঙ্গায় জরিমানা আদায়



ছবি: আকাশখবর

● দর্শনা অফিস:

অপরিচ্ছন্ন পরিবেশে খাবার উৎপাদন ও সংরক্ষণ এবং মেয়াদোত্তীর্ণ ওষুধ বিক্রির দায়ে চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার হল্ট স্টেশন ও দর্শনা বাজার এলাকায় তিনটি প্রতিষ্ঠানকে মোট ৩৫ হাজার টাকা জরিমানা করেছে জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

গতকাল বৃহস্পতিবার (২৬ নভেম্বর) সকাল ১১টা থেকে দুপুর ২টা পর্যন্ত এ তদারকিমূলক অভিযান চালানো হয়। এ সময় নিত্যপ্রয়োজনীয় পণ্য, গ্যাস,

▶ এরপর পৃষ্ঠা-২ কলাম ৬

মেহেরপুর জেনারেল হাসপাতাল

মেহেরপুরে চিকিৎসককে গালাগাল ও মারধরের চেষ্টা

ঘটনার মূল তথ্য

আইসিইউ শয্যা না পেয়ে চিকিৎসকের ওপর চড়াও হন বিএনপি নেতার ভাই

- আইসিইউতে শয্যা খালি না থাকায় বাগ্‌বিতণ্ডা
- চিকিৎসককে গালাগাল ও মারধরের চেষ্টা
- ঘটনা খতিয়ে দেখতে তদন্ত কমিটি গঠনের ঘোষণা

● মেহেরপুর অফিস:

মেহেরপুর জেনারেল হাসপাতালের নিবিড় পরিচর্যা কেন্দ্রে (আইসিইউ) এক চিকিৎসককে গালাগালের পাশাপাশি তাঁকে শারীরিকভাবে লাঞ্ছিতের চেষ্টার অভিযোগ উঠেছে জেলা বিএনপির এক নেতার ভাইয়ের বিরুদ্ধে। গতকাল বৃহস্পতিবার বেলা ১১টার দিকে হাসপাতালের এ ঘটনা ঘটে। ভুক্তভোগী চিকিৎসকের নাম মাহাবুবুর রহমান। তিনি হাসপাতালটির আইসিইউ বিভাগে কর্মরত। ওই চিকিৎসককে গালাগাল ও লাঞ্ছিত করা ব্যক্তির নাম রকিবুল হাসান। তিনি জেলা বিএনপির সাধারণ সম্পাদক কামরুল হাসানের ছোট ভাই।

চিকিৎসক মাহাবুবুর রহমানের ভাষ্য, সকালে পুরুষ ওয়ার্ডের কেবিনে ভর্তি

▶ এরপর পৃষ্ঠা-২ কলাম ৬

চুয়াডাঙ্গায় জামায়াতের বিক্ষোভ মিছিল ও সমাবেশ



ছবি: আকাশখবর

● নিজস্ব প্রতিবেদক:

সন্ত্রাস, নাশকতা ও দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে সরকারের ব্যর্থতার প্রতিবাদে কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে চুয়াডাঙ্গায় বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে বাংলাদেশ জামায়াতে ইসলামী চুয়াডাঙ্গা জেলা শাখা। গতকাল বৃহস্পতিবার বিকেল ৪টায় চুয়াডাঙ্গা টাউন ফুটবল মাঠ থেকে এ কর্মসূচি শুরু হয়। এতে জেলা, পৌর ও বিভিন্ন উপজেলা পর্যায়ের নেতাকর্মীসহ জামায়াতের বিভিন্ন সহযোগী সংগঠনের

▶ এরপর পৃষ্ঠা-২ কলাম ৭

দৈনিক আকাশ খবর ■ শুক্রবার ■ ২৭ নভেম্বর, ২০২৬ খ্রিস্টাব্দ

নামাজের সময়

ফজর	০৫:০৮
যোহর	১১:৫৪
আছর	০৩:৪১
মাগরিব	০৫:১৮
এশা	০৬:৩৭

চুয়াডাঙ্গা

আপনার বিজ্ঞাপন
এখানে দিন
বাণিজ্যিক বিভাগ
০১৭৮০-২৫১৭৯৯

পত্রিকার স্বাদ নিন
কাগজহীন রঙিন পাতায়
ই-পেপার পড়তে স্ক্যান করুন
epaper.akashkhabar.com

চুয়াডাঙ্গায় জেলা প্রশাসনের আয়োজন

শহীদ বুদ্ধিজীবী ও বিজয় দিবসের প্রস্তুতি সভা

■ জেলা প্রশাসক

১৪ ও ১৬ ডিসেম্বর যথাযোগ্য মর্যাদায় দিবস দুটি পালনে নানা কর্মসূচি গ্রহণ

● নিজস্ব প্রতিবেদক:

চুয়াডাঙ্গায় যথাযোগ্য মর্যাদায় শহীদ বুদ্ধিজীবী দিবস এবং মহান বিজয় দিবস উদযাপনের লক্ষ্যে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার বিকেলে জেলা প্রশাসনের আয়োজনে জেলা প্রশাসকের কার্যালয়ের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) বি.এম তারিক উজ জামানের সঞ্চালনায় সভায় সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গার জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট আলমগীর কবীর।



ছবি: আকাশখবর

সভায় আসন্ন ১৪ ডিসেম্বর শহীদ বুদ্ধিজীবী দিবস এবং ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস সুষ্ঠু, সুন্দর ও ভাবগাম্ভীর্যের সাথে পালনের জন্য বিভিন্ন কর্মসূচি ও করণীয় নির্ধারণ নিয়ে আলোচনা করা হয়।

সভায় জানানো হয়, ১৪ ডিসেম্বর যথাযোগ্য মর্যাদায় শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত হবে। ১৪ তারিখ থেকে ১৬ তারিখের মধ্যে সুবিধাজনক সময়ে

▶ এরপর পৃষ্ঠা-২ কলাম ৭

চুয়াডাঙ্গা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী বরাবর পাঠানো এক লিখিত অভিযোগে সংসদ সদস্য এসব বিষয় তুলে ধরেন

● নিজস্ব প্রতিবেদক:

চুয়াডাঙ্গার জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা অহিন্দ্র কুমার মণ্ডলের বিরুদ্ধে অনিয়ম, দুর্নীতি, দায়িত্বে অবহেলা ও সরকারি অর্থ আত্মসাতের ২৬ দফা অভিযোগ তুলেছেন চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য মাসুদ পারভেজ। এসব অভিযোগের সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত করে দায়ী কর্মকর্তার বিরুদ্ধে প্রয়োজনীয় প্রশাসনিক ও আইনানুগ ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছেন তিনি।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী বরাবর পাঠানো এক লিখিত অভিযোগে সংসদ সদস্য এসব বিষয় তুলে ধরেন। অভিযোগের অনুলিপি প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক, দুর্নীতি দমন কমিশনের চেয়ারম্যান, খুলনা বিভাগীয় উপপরিচালক (প্রাথমিক শিক্ষা) এবং চুয়াডাঙ্গার জেলা প্রশাসকের কাছেও পাঠানো হয়েছে।

লিখিত অভিযোগে বলা হয়েছে, জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা অহিদুর কুমার মণ্ডল ২০২৪ সালের ১৮ সেপ্টেম্বর চুয়াডাঙ্গায় যোগদানের উদ্দেশ্যে এলেও পরদিন ১৭ সেপ্টেম্বর যোগদান দেখান। অভিযোগে তাঁর দায়িত্ব পালনে অনিয়ম, সরকারি বিধিবিধান লঙ্ঘন এবং কর্মস্থলে অনুপস্থিতির বিষয়ও উল্লেখ করা হয়েছে।

এ ছাড়া ২০২৪-২৫ অর্থবছরে বরাদ্দকৃত ভ্রমণভাতা নিজের নামে ৬০ শতাংশ নিয়মবহির্ভূতভাবে উত্তোলন, সরকারি বিভিন্ন অনুষ্ঠানে অনুপস্থিত থাকা, দাপ্তরিক কাজে দায়িত্বে অবহেলা এবং অফিসের নির্ধারিত সময় অনুসরণ না করার অভিযোগ আনা হয়েছে।

▶ এরপর পৃষ্ঠা-২ কলাম ৪

ভোজ্যতেলের বাজার

সয়াবিন তেলের দাম ৩ টাকা বাড়ল

পাম অয়েলের দাম অপরিবর্তিত; কৃত্রিম সংকট ও মজুতদারির বিরুদ্ধে কঠোর ব্যবস্থার নির্দেশ



ছবি: আকাশখবর

● নিজস্ব প্রতিবেদক:

আসন্ন রমজানের আগেই দেশের বাজারে সয়াবিন তেলের দাম লিটারপ্রতি ৩ টাকা বাড়িয়েছে সরকার। আন্তর্জাতিক বাজারে মূল্যবৃদ্ধি, আমদানি খরচ বেড়ে যাওয়া এবং দেশের সার্বিক সরবরাহ পরিস্থিতির কথা বিবেচনা করে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তবে পাম অয়েলের দাম আগের মতোই অপরিবর্তিত রাখা হয়েছে।

নতুন দর অনুযায়ী, এক লিটার বোতলজাত সয়াবিন তেলের দাম ২০৪ টাকা থেকে বাড়িয়ে ২০৭ টাকা নির্ধারণ

▶ এরপর পৃষ্ঠা-২ কলাম ৮

সরকারি ক্রয় কমিটির অনুমোদন

জ্বালানি চাহিদা মেটাতে ৮ হাজার কোটি টাকার তেল কিনছে সরকার

৬ লাখ ২৫ হাজার টন জ্বালানি তেল ছাড়াও গম, সার ও ডাল কেনার সিদ্ধান্ত

● নিজস্ব প্রতিবেদক:

আগামী বছরের প্রথম ছয় মাসের জ্বালানি চাহিদা মেটাতে ৬ লাখ ২৫ হাজার টন জ্বালানি তেল আমদানির সিদ্ধান্ত নিয়েছে সরকার। আন্তর্জাতিক উন্মুক্ত দরপত্রের মাধ্যমে চারটি প্যাকেজে ডিজেল, ফার্নেস অয়েল ও অকটেন কেনা হবে। এতে ব্যয় হবে ৮ হাজার ১০ কোটি ১৩ লাখ ৬০ হাজার টাকা। বুধবার (২৬ নভেম্বর) অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে আমদানির প্রস্তাবগুলো অনুমোদন দেওয়া হয়। বৃহস্পতিবার অর্থ মন্ত্রণালয় থেকে এ তথ্য জানানো হয়েছে।বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশনের (বিপিসি) মাধ্যমে এসব জ্বালানি তেল আমদানি

▶ এরপর পৃষ্ঠা-২ কলাম ৮

স্বাস্থ্য প্রতিমন্ত্রী

চিকিৎসক নিয়োগ ও সুরক্ষা আইন হচ্ছে

■ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ প্রতিমন্ত্রী

জনবল সংকট কাটাতে ১০ হাজার চিকিৎসক নিয়োগ ও সুরক্ষা আইন হচ্ছে

● নিজস্ব প্রতিবেদক:

চিকিৎসক, গণমাধ্যম ও প্রশাসন—এই তিন পক্ষের পারস্পরিক আস্থা ও সমন্বয় ছাড়া স্বাস্থ্য খাতের কাঙ্ক্ষিত পরিবর্তন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ প্রতিমন্ত্রী ড. এম এ মুহিত।

তিনি জানান, জনবল সংকট কাটাতে সরকার ১০ হাজার চিকিৎসক নিয়োগ এবং চিকিৎসক ও রোগী উভয়ের সুরক্ষায় একটি ভারসাম্যপূর্ণ আইন

▶ এরপর পৃষ্ঠা-৩ কলাম ২

দৈনিক আকাশ খবর
সত্য নিষ্ঠায় নিঃশব্দ বিপ্লব
THE DAILY AKASH KHABAR
www.akashkhabar.com

শুক্রবার ২৭ নভেম্বর, ২০২৬ খ্রিস্টাব্দ, ১২ অগ্রহায়ণ, ১৪৩৩ বঙ্গাব্দ
বর্ষ-২১, সংখ্যা-১৪৫

সম্পাদকীয়

এআই-নির্ভর নির্ভুল চিকিৎসা কি আদৌ সম্ভব?

- বর্তমান বাস্তবতায় এর উত্তর নেতিবাচক
- কিন্তু চিকিৎসাবিজ্ঞানে প্রতিটি রোগীর অবস্থা এক নয়
- একই উপসর্গ বিভিন্ন রোগের কারণে দেখা দিতে পারে

সম্পাদকীয়: কৃত্রিম বুদ্ধিমত্তা বা আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স (এআই) বর্তমান বিশ্বের অন্যতম বিস্ময়কর প্রযুক্তি। শিক্ষা, যোগাযোগ, শিল্প, ব্যবসা, গবেষণা থেকে শুরু করে চিকিৎসাবিজ্ঞান—প্রায় প্রতিটি ক্ষেত্রেই এআই নতুন সম্ভাবনার দ্বার উন্মোচন করছে। বিশেষ করে রোগ শনাক্তকরণ, মেডিকেল রিপোর্ট বিশ্লেষণ, এক্স-রে, এমআরআই, সিটি স্ক্যান এবং বিভিন্ন জটিল পরীক্ষার ফলাফল বিশ্লেষণে এআই গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। কিন্তু প্রশ্ন হচ্ছে, শুধু এআই-এর ওপর নির্ভর করে একজন মানুষ কি নির্ভুল চিকিৎসা গ্রহণ করতে পারবেন? বর্তমান বাস্তবতায় এর উত্তর নেতিবাচক।

চিকিৎসাবিজ্ঞান কেবল কিছু তথ্য, উপসর্গ কিংবা পরীক্ষার রিপোর্ট বিশ্লেষণের বিষয় নয়। একজন রোগীর শারীরিক অবস্থা, বয়স, পারিবারিক ইতিহাস, জীবনযাপন, পূর্ববর্তী রোগ, ওষুধ গ্রহণের ইতিহাস, মানসিক অবস্থা এবং শারীরিক পরীক্ষার ফলাফল—সবকিছু বিবেচনা করে চিকিৎসার সিদ্ধান্ত নিতে হয়। এআই বিপুল তথ্য দ্রুত বিশ্লেষণ করতে পারলেও রোগীর বাস্তব শারীরিক অবস্থা সরাসরি পর্যবেক্ষণ এবং মানবিক বিবেচনায় সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে তার সীমাবদ্ধতা রয়েছে।

এআই মূলত পূর্বে সংগৃহীত তথ্য, গবেষণা, ডেটাবেইস এবং প্রশিক্ষণ থেকে অর্জিত জ্ঞানের ভিত্তিতে উত্তর তৈরি করে। কিন্তু চিকিৎসাবিজ্ঞানে প্রতিটি রোগীর অবস্থা এক নয়। একই উপসর্গ বিভিন্ন রোগের কারণে দেখা দিতে পারে। আবার একই রোগে আক্রান্ত দুই ব্যক্তির চিকিৎসাপদ্ধতিও ভিন্ন হতে পারে। এআই কখনো ভুল তথ্য দিতে পারে, অসম্পূর্ণ তথ্যের ভিত্তিতে ভুল রোগের সম্ভাবনা তুলে ধরতে পারে কিংবা আত্মবিশ্বাসের সঙ্গে ভুল পরামর্শ দিতে পারে। প্রযুক্তির ভাষায় এ ধরনের সমস্যার একটি পরিচিত নাম 'হ্যালুসিনেশন'। চিকিৎসার ক্ষেত্রে এমন ভুলের পরিণতি হতে পারে অত্যন্ত ভয়াবহ। একজন রোগী যদি এআই-এর পরামর্শকে চিকিৎসকের প্রেসক্রিপশন হিসেবে গ্রহণ করেন, তাহলে ভুল ওষুধ গ্রহণ, ভুল মাত্রায় ওষুধ সেবন, প্রয়োজনীয় চিকিৎসা গ্রহণে বিলম্ব কিংবা জীবনসংকটের মতো পরিস্থিতি তৈরি হতে পারে।

এআই অনেক ক্ষেত্রে মেডিকেল ইমেজ বিশ্লেষণ করে সম্ভাব্য রোগ শনাক্ত করতে পারে। যেমন ক্যানসারের প্রাথমিক লক্ষণ, ফুসফুসের অস্বাভাবিকতা কিংবা হৃদ্যন্ত্রের ছন্দের সমস্যা চিহ্নিত করতে সহায়তা করতে পারে। কিন্তু কোনো পরীক্ষায় অস্বাভাবিকতা শনাক্ত করা আর রোগীর জন্য সঠিক চিকিৎসা নির্ধারণ করা সম্পূর্ণ ভিন্ন বিষয়। রোগ নির্ণয়ের পর চিকিৎসককে সিদ্ধান্ত নিতে হয়—কোন ওষুধ প্রয়োজন, কত মাত্রায় দিতে হবে, কত দিন চলবে, অন্য ওষুধের সঙ্গে কোনো প্রতিক্রিয়া হবে কি না এবং রোগীর শারীরিক অবস্থায় সেই চিকিৎসা নিরাপদ কি না। এসব ক্ষেত্রে শুধু এআই-এর পরামর্শের ওপর নির্ভর করা ঝুঁকিপূর্ণ।

একজন অভিজ্ঞ চিকিৎসক রোগীর সঙ্গে কথা বলেন, শারীরিক পরীক্ষা করেন, রোগীর উদ্বেগ ও অভিজ্ঞতা বোঝার চেষ্টা করেন এবং প্রয়োজন অনুযায়ী পরীক্ষা-নিরীক্ষা করান। কখনো রোগীর সামান্য একটি বক্তব্য বা শারীরিক লক্ষণও রোগ নির্ণয়ের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ হয়ে ওঠে। এআই এই প্রক্রিয়ায় সহায়তা করতে পারে, কিন্তু চিকিৎসকের মতো সামগ্রিক মানবিক ও পেশাগত বিচারবোধের বিকল্প নয়। আরেকটি গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে জবাবদিহি। এআই-এর পরামর্শে ভুল চিকিৎসা হলে দায়ভার কার—প্রযুক্তি নির্মাতা, হাসপাতাল, চিকিৎসক, নাকি সফটওয়্যার পরিচালনাকারী প্রতিষ্ঠানের? এই প্রশ্নের সুস্পষ্ট আইনগত ও নৈতিক সমাধান ছাড়া এআই-নির্ভর চিকিৎসার ব্যাপক ব্যবহার রোগীর নিরাপত্তার জন্য উদ্বেগ তৈরি করতে পারে।

বাংলাদেশে চিকিৎসাসেবার ক্ষেত্রে ইতোমধ্যে নানা ধরনের সীমাবদ্ধতা রয়েছে। বিশেষজ্ঞ চিকিৎসকের সংকট, সরকারি হাসপাতালের রোগীর চাপ, রোগ নির্ণয়ের ব্যয়, চিকিৎসাসেবায় বৈষম্য এবং গ্রামীণ অঞ্চলে মানসম্মত চিকিৎসা পাওয়ার অসুবিধা—এসব বাস্তবতা আমাদের বিবেচনায় রাখতে হবে। এমন পরিস্থিতিতে এআই-কে চিকিৎসকের বিকল্প হিসেবে উপস্থাপন করা হলে সাধারণ মানুষ ভুলভাবে প্রযুক্তির ওপর নির্ভরশীল হয়ে পড়তে পারেন। বিশেষ করে যারা অর্থনৈতিক কারণে চিকিৎসকের কাছে যেতে চান না কিংবা অনলাইনে বিনামূল্যে পরামর্শ খোঁজেন, তারা এআই-এর দেওয়া তথ্যকে চূড়ান্ত চিকিৎসা হিসেবে গ্রহণ করতে পারেন। এতে রোগ শনাক্তকরণে বিলম্ব, ভুল ওষুধ সেবন এবং জটিলতা বৃদ্ধির আশঙ্কা রয়েছে। তাই বাংলাদেশে এআই-ভিত্তিক স্বাস্থ্যসেবা চালুর আগে রোগীর তথ্যের গোপনীয়তা, প্রযুক্তির নির্ভুলতা, চিকিৎসকের তত্ত্বাবধান, অনুমোদন এবং জবাবদিহি নিশ্চিত করা জরুরি।

আমরা এআই-এর বিরোধিতা করছি না; বরং চিকিৎসাবিজ্ঞানে এর সম্ভাবনাকে স্বাগত জানাই। তবে এআই-কে চিকিৎসকের বিকল্প হিসেবে নয়, সহযোগী প্রযুক্তি হিসেবে ব্যবহার করতে হবে। এ ক্ষেত্রে এআই-ভিত্তিক চিকিৎসা প্রযুক্তির কার্যকারিতা ও নিরাপত্তা বৈজ্ঞানিকভাবে যাচাই করার পাশাপাশি রোগ নির্ণয় ও চিকিৎসার চূড়ান্ত সিদ্ধান্তে নিবন্ধিত চিকিৎসকের ভূমিকা নিশ্চিত করা প্রয়োজন। একই সঙ্গে এআই-এর ভুল পরামর্শে রোগীর ক্ষতি হলে দায়বদ্ধতা নির্ধারণে সুস্পষ্ট আইন ও নীতিমালা প্রণয়ন, রোগীর ব্যক্তিগত ও চিকিৎসাসংক্রান্ত তথ্যের নিরাপত্তা নিশ্চিতকরণ, প্রযুক্তিগত সীমাবদ্ধতা সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি এবং ব্যবহৃত প্রযুক্তির নিয়মিত নিরীক্ষা ও মান যাচাইয়ের ব্যবস্থা গড়ে তুলতে হবে।

মানুষের জীবন কোনো পরীক্ষাগার নয়। প্রযুক্তির উন্নয়ন অবশ্যই মানবসভ্যতার জন্য আশীর্বাদ, কিন্তু প্রযুক্তির প্রতি অন্ধ নির্ভরতা কখনোই নিরাপদ হতে পারে না। বিশেষ করে চিকিৎসাবিজ্ঞানের মতো সংবেদনশীল ক্ষেত্রে ভুল সিদ্ধান্তের মূল্য দিতে হয় মানুষের জীবন দিয়ে। এআই রোগ শনাক্তকরণে সহায়তা করতে পারে, চিকিৎসার সম্ভাব্য পথ দেখাতে পারে এবং চিকিৎসকের কাজকে আরও গতিশীল করতে পারে; কিন্তু রোগীর সম্পূর্ণ পরিস্থিতি বিবেচনা করে নিরাপদ ও কার্যকর চিকিৎসা নিশ্চিত করার দায়িত্ব এখনো চিকিৎসাবিজ্ঞানের পেশাগত কাঠামোর মধ্যেই থাকা উচিত। এআই যতই উন্নত হোক, তার দেওয়া উত্তর সব সময় নির্ভুল নয় বলেই চিকিৎসকের পরামর্শ ছাড়া রোগ নির্ণয়, ওষুধ গ্রহণ কিংবা চিকিৎসা পরিবর্তনের সিদ্ধান্ত নেওয়া উচিত নয়। চিকিৎসাবিজ্ঞানে এআই-এর সাফল্য তখনই অর্থবহ হবে, যখন প্রযুক্তির সঙ্গে মানবিকতা, পেশাগত দক্ষতা, নৈতিকতা এবং জবাবদিহির সমন্বয় ঘটবে।

দুদকের জালে চুয়াডাঙ্গা টিটিসির অধ্যক্ষ

(প্রথম পৃষ্ঠার পর)

প্রতিষ্ঠানের কাছ থেকে প্রায় একই ধরনের ৩৫টি করে পণ্য কেনার হিসাব দেখানো হয়েছে। প্রতিটি প্রতিষ্ঠানকে ৪ লাখ ৩৭ হাজার ৫০০ টাকা করে বিল দেওয়ার তথ্য রয়েছে। একই দিনে 'মেসার্স এ নেওয়াজ ট্রেডার্স' থেকে ১৪ ধরনের অফিস সরঞ্জাম কেনার বিপরীতে দেখানো হয়েছে আরও ২ লাখ ২৫ হাজার টাকা।

শুধু কেনাকাটার পরিমাণ নয়, পণ্যের দাম নিয়েও উঠেছে প্রশ্ন। প্রতিটি ডিজিটাল মাল্টিমিটারের দাম ধরা হয়েছে ৩ হাজার ২৫০ টাকা, নিরাপত্তা চশমা ২৬০ টাকা, এক জোড়া ওয়ানটাইম হ্যান্ড গাভস ৮৫ টাকা এবং এ-ফোর কাগজের এক রিমের দাম ৯১০ টাকা। বাজার যাচাইয়ে এসব পণ্যের কয়েকটির দামেও অসংগতি পাওয়া যায়।

যে প্রতিষ্ঠান থেকে ইট কেনার কথা বলা হয়েছে, সেই হিমালয় অটো ব্রিকসে খোঁজ নিয়ে জানা যায়, ২০২৪ সালের নভেম্বর মাসে তাদের এক গাড়ি ইটের দাম ছিল ২২ হাজার টাকা। সে হিসাবে প্রতি পিস ইটের দাম পড়ে প্রায় ১১ টাকা। অন্যদিকে, বৈদ্যুতিক সরঞ্জাম বিক্রেতাদের ভাষ্য অনুযায়ী, ভালো মানের একটি ওয়ান-ওয়ে সুইচের দাম প্রায় ৩৫ টাকা। অথচ টিটিসির নথিতে এর দাম দেখানো হয়েছে ৭২ টাকা।

অনুসন্ধানের সময় যেসব প্রতিষ্ঠানের নামে বিল-ভাউচার তৈরি করা হয়েছে, তাদের প্রতিনিধিদের সঙ্গেও কথা বলা হয়। স্থপতি নির্মাতা ট্রেডার্সের ঠিকাদার ওয়ালিউর রশিদ ও এ নেওয়াজ ট্রেডার্সের ঠিকাদার আলী আসলাম জোয়ার্দার নিজেদের প্রতিষ্ঠানের নামে থাকা বিল-ভাউচার দেখে বিস্ময় প্রকাশ করেন। কেনাকাটার হিসাব নিয়ে প্রশ্নেরও সন্তোষজনক জবাব দিতে পারেননি তারা।

এ ছাড়া প্রশিক্ষণার্থীদের অভিযোগ, ড্রাইভিং প্রশিক্ষণের জন্য বরাদ্দ করা জ্বালানি ও অন্যান্য উপকরণের যথাযথ ব্যবহার নিয়েও প্রশ্ন রয়েছে। প্রতি কোর্সে ২৫ লিটার পেট্রোল ও ৩০ লিটার ডিজেল বরাদ্দ থাকলেও প্রশিক্ষণে পর্যাপ্ত গাড়ি চালানোর সুযোগ দেওয়া হয় না বলে জানান এক প্রশিক্ষণার্থী। অন্য এক প্রশিক্ষণার্থীর অভিযোগ, প্রতি তিন মাস পর ইট কেনার হিসাব দেখানো হলেও বাস্তবে আগের ইট দিয়েই কাজ চালানো হয়।

এসব অভিযোগের বিষয়ে টিটিসির অধ্যক্ষ মুছাব্বেরুজ্জামান দাবি করেছিলেন, সর্বনিম্ন দরদাতাদের কাছ থেকেই মালামাল কেনা হয়েছে। উপকরণ বুঝে নেওয়ার জন্য নির্দিষ্ট কমিটি ছিল এবং তারাই মালামাল বুঝে নিয়েছে। নিয়মিত নিরীক্ষা হওয়ায় অনিয়মের সুযোগ নেই বলেও দাবি করেন তিনি।

এদিকে গতকালের অভিযানকারী দলের নেতৃত্ব দেন দুদকের ঝিনাইদহ সমন্বিত জেলা কার্যালয়ের সহকারী পরিচালক খালিদ মাহমুদ। তিনি জানান, এটি রেকর্ডনির্ভর অভিযান। আপাতত বিভিন্ন রেকর্ড ও নথিপত্র সংগ্রহ করা হচ্ছে। সব তথ্য-উপাত্ত সংগ্রহ ও পর্যালোচনা শেষে কমিশন বরাবর বিস্তারিত প্রতিবেদন দাখিল করা হবে।

কর্মী গড়তে পদক্ষেপ নিচ্ছে সরকার

(প্রথম পৃষ্ঠার পর)

মালয়েশিয়াগামী ১১২ জন বাংলাদেশি কর্মীকে বিদায় শুভেচ্ছা জানান প্রধানমন্ত্রী।

প্রধানমন্ত্রী বলেন, 'আজকে বাংলাদেশের জন্য অত্যন্ত স্মরণীয় একটি দিন। আজ ১১২ জন যাচ্ছেন। আমরা প্রায় ১০ হাজার মানুষকে বিনা পয়সায় মালয়েশিয়ায় পাঠাতে সক্ষম হচ্ছি। অনেক দিন ধরে এই কার্যক্রম বন্ধ ছিল। মালয়েশিয়া সরকারের সহযোগিতায় আবারও দেশটিতে বাংলাদেশের শ্রমবাজার চালু করা সম্ভব হয়েছে। এ জন্য মালয়েশিয়া সরকারকে আন্তরিক ধন্যবাদ জানাই।'

বিদেশগামী কর্মীদের দক্ষতা উন্নয়নের ওপর গুরুত্বারোপ করে সরকারপ্রধান বলেন, কর্মীদের আরও দক্ষ করে বিদেশে পাঠাতে পারলে তারা নিজেরা যেমন উপকৃত হবেন, তেমনি দেশেরও লাভ হবে। এ লক্ষ্যে বিভিন্ন দেশে কর্মী পাঠানোর আগে তাদের দক্ষতা বাড়ানোর পরিকল্পনা নিয়েছে সরকার।

ভাষাগত দক্ষতার প্রয়োজনীয়তা তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন, বিদেশে কাজ করতে গেলে ভাষা একটি গুরুত্বপূর্ণ বিষয়। সরকার এ বিষয়ে কাজ শুরু করেছে। আগামী কয়েক মাসের মধ্যে বিভিন্ন দেশে কর্মী পাঠানোর আগে তাদের সংশ্লিষ্ট দেশের ভাষা শেখানোর কার্যক্রম শুরু করা হবে। ভাষা জানা থাকলে কর্মীদের কাজ করতে অনেক সুবিধা হবে।

মালয়েশিয়াগামী কর্মীদের উদ্দেশে তিনি বলেন, আপনারা সুস্থভাবে সেখানে পৌঁছে ভালোভাবে কাজ করবেন। সংশ্লিষ্ট দেশের সংস্কৃতি, ঐতিহ্য, আইন ও নিয়মকানুন মেনে চলবেন। সততা ও নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করবেন।

তারেক রহমান বলেন, বিদেশে কর্মরত বাংলাদেশিদের আচরণের ওপর দেশের ভাবমূর্তি নির্ভর করে। একজন কর্মীর কাজ ও আচরণ দেখে সংশ্লিষ্ট দেশের মানুষ বাংলাদেশকে মূল্যায়ন করবে। কর্মীরা সুনামের সঙ্গে কাজ করলে তাদের দেখে অন্য বাংলাদেশি কর্মীদের নিয়োগ দিতেও বিদেশি প্রতিষ্ঠানগুলো উৎসাহিত হবে।

তিনি বলেন, 'আপনাদের কাছে আমার আহ্বান থাকবে, ওই দেশের আইনকানুন ও ঐতিহ্য মেনে চলবেন এবং সততা ও নিষ্ঠার সঙ্গে কাজ করবেন।'

প্রধানমন্ত্রী কর্মীদের উজ্জ্বল ভবিষ্যৎ ও সুস্থতা কামনা করেন। একই সঙ্গে এ কার্যক্রম বাস্তবায়নে সংশ্লিষ্ট মন্ত্রণালয়, কর্মকর্তা ও কর্মচারীদের ধন্যবাদ জানান।

পরে রেমিটেন্স যোদ্ধাদের সঙ্গে ফটো সেশনে অংশ নেন প্রধানমন্ত্রী।

অনুষ্ঠানে শ্রম ও কর্মসংস্থান এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানমন্ত্রী আরিফুল হক চৌধুরী, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটনমন্ত্রী এম রশিদুজ্জামান মিল্লাত, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের উপদেষ্টা মাহদী আমিন, প্রতিমন্ত্রী নুরুল হক, প্রধানমন্ত্রীর বিশেষ সহকারী ড. শাকিরুল ইসলাম খান ও ব্যারিস্টার গিয়াস উদ্দিন রিমন, ঢাকা-১৮ আসনের সংসদ সদস্য এস এম জাহাঙ্গীর হোসেন, বোয়েসেলের ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ রাশেদুল হক, ডিএইচএল সাপ্লাই চেইন মালয়েশিয়ার ব্যবস্থাপনা পরিচালক দেবর্ষি মজুমদার, মহাব্যবস্থাপক নভিন্দর মুরুগিয়া, অংশীদার সারাভানাকুমার কানেসান এবং মালয়েশিয়ার সেরাম্বি সুরিয়ার আঞ্চলিক নিয়োগ পরিচালক আবদুল জলিলসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সংস্থার ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

দীর্ঘ আড়াই বছর পর বাংলাদেশি কর্মীদের জন্য মালয়েশিয়ার শ্রমবাজার পুনরায় উন্মুক্ত হওয়ার পর সরকারি উদ্যোগে সম্পূর্ণ বিনা অভিবাসন ব্যয়ে কর্মী পাঠানোর এ কার্যক্রম শুরু হলো।

বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেডের (বোয়েসেল) মাধ্যমে ৪ হাজার ৩৯ জন আবেদনকারীর মধ্য থেকে প্রকাশ্য ই-লটারি ও নিয়োগকর্তার সরাসরি সাক্ষাৎকারের ভিত্তিতে কর্মীদের নির্বাচন করা হয়েছে।

নির্বাচিত কর্মীরা মালয়েশিয়ার ডিএইচএল সাপ্লাই চেইন প্রতিষ্ঠানে মাসিক ১ হাজার ৭০০ মালয়েশিয়ান রিঙ্গিত মূল বেতনে তিন বছর মেয়াদি নবায়নযোগ্য চুক্তিতে কাজ করবেন। নিয়োগকর্তার পক্ষ থেকে তাদের আবাসন ও চিকিৎসা সুবিধাও দেওয়া হবে। কর্মীদের অভিবাসন সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করছে নিয়োগকারী প্রতিষ্ঠান।

এ কর্মসূচির আওতায় আগামী ডিসেম্বরে আরও ২২৫ জন বাংলাদেশি কর্মীকে বিনা খরচে মালয়েশিয়ায় পাঠানোর পরিকল্পনা রয়েছে। ইতোমধ্যে দেশটির চারটি প্রতিষ্ঠান থেকে মোট ১ হাজার ৪৮ জন কর্মী নিয়োগের সত্যায়িত চাহিদাপত্র পেয়েছে বোয়েসেল।

উল্লেখ্য, চলতি বছরের জুনে দায়িত্ব গ্রহণের পর প্রথম বিদেশ সফরে মালয়েশিয়া যান প্রধানমন্ত্রী তারেক রহমান। সফরকালে ২২ জুন পুত্রজায়ায় মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিমের সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠকে বাংলাদেশি কর্মীদের জন্য দ্রুত শ্রমবাজার উন্মুক্ত করা এবং আরও বেশি কর্মী নিয়োগের আহ্বান জানান তিনি। বৈঠকে অভিবাসন ব্যয় কমানোর পাশাপাশি কর্মী নিয়োগ প্রক্রিয়া স্বচ্ছ, ন্যায্য ও সাশ্রয়ী করার বিষয়ে দুই প্রধানমন্ত্রী একমত হন।

প্রাথমিক শিক্ষা কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ

(প্রথম পৃষ্ঠার পর)

অভিযোগে আরও বলা হয়, অফিসের এমএলএসএস পদে কর্মরত রিয়াজ উদ্দিনকে ২০২৪-২৫ অর্থবছরে নিয়মিত ভাতা প্রদান না করে নিজের হিসাবে অর্থ উত্তোলন করেছেন ওই কর্মকর্তা। একই অর্থবছরে কম্পিউটার মেরামত ও আনুষঙ্গিক খাতে বরাদ্দ অর্থ ভুয়া বিল-ভাউচার তৈরির মাধ্যমে উত্তোলনের অভিযোগও রয়েছে। এ ছাড়া সরকারি গাড়ি মেরামত, জ্বালানি ও অন্যান্য দাপ্তরিক ব্যয়ের ক্ষেত্রেও অনিয়মের অভিযোগ তোলা হয়েছে।

সংসদ সদস্যের অভিযোগে আরও উল্লেখ করা হয়, বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষকদের ফাইল অযৌক্তিকভাবে আটকে রেখে আর্থিক সুবিধা আদায়, শিক্ষক বদলি ও পদায়নের ক্ষেত্রে অনিয়ম, শিক্ষকদের কাছ থেকে অর্থ গ্রহণ এবং বিভিন্ন উপজেলার শিক্ষকদের কাছ থেকে ফাইলের মাধ্যমে অর্থ আদায়ের অভিযোগ রয়েছে। অভিযোগ অনুযায়ী, আলমডাঙ্গা উপজেলার বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষক বদলি ও প্রশাসনিক কার্যক্রমেও অনিয়মের ঘটনা ঘটেছে।

এ ছাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিদর্শনে অনিয়ম, শিক্ষকদের সঙ্গে অসৌজন্যমূলক আচরণ, উপজেলা পর্যায়ের মাসিক সমন্বয় সভায় প্রভাব বিস্তার এবং সরকারি দায়িত্ব পালনে পক্ষপাতিত্বের অভিযোগ করা হয়েছে। জাতীয় প্রাথমিক শিক্ষা পদক ২০২৬-এর পুরস্কার নির্বাচন ও ক্রয়সংক্রান্ত বিষয়েও অনিয়মের অভিযোগ তুলে ধরা হয়েছে।

অভিযোগপত্রে আরও বলা হয়, ২০২৫ সালের আলমডাঙ্গা উপজেলা পর্যায়ের প্রধান শিক্ষক মাসিক সমন্বয় সভায় প্রধান শিক্ষককে মারধরের উদ্যোগ নেওয়ার মতো পরিস্থিতি তৈরি হয়। এ ছাড়া বিভিন্ন বিদ্যালয়ের প্রাথমিক মূল্যায়ন, শিক্ষার্থীদের জন্য পুরস্কার প্রস্তুত এবং সরকারি বরাদ্দের অর্থ ব্যয়ের ক্ষেত্রেও অনিয়মের অভিযোগ তোলা হয়েছে।

সংসদ সদস্য মাসুদ পারভেজ অভিযোগপত্রে উল্লেখ করেন, এসব অভিযোগের সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্তের মাধ্যমে প্রকৃত ঘটনা উদ্ঘাটন করা প্রয়োজন। একই সঙ্গে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে বিধি মোতাবেক প্রয়োজনীয় প্রশাসনিক ও আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিমন্ত্রীর বিশেষ হস্তক্ষেপ কামনা করেন তিনি।

তবে এসব অভিযোগের বিষয়ে জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা অহিন্দ্র কুমার মণ্ডলের বক্তব্য অভিযোগপত্রে উল্লেখ নেই।

পরীক্ষার হলে শিক্ষার্থীর মৃত্যু

(প্রথম পৃষ্ঠার পর)

করেন সাগর। উত্তরপত্রে রোল নম্বর লেখার পর প্রশ্নপত্র বিতরণের আগেই বুকে হাত দিয়ে অসুস্থ হয়ে পড়েন তিনি। এ সময় কলেজের একটি ভ্যানে একজনকে সঙ্গে দিয়ে তাঁকে দ্রুত হাসপাতালে পাঠানো হয়। পাশাপাশি উত্তরপত্রে দেওয়া অভিভাবকের ফোন নম্বরে যোগাযোগ করেন শিক্ষকরা।

চুয়াডাঙ্গা সরকারি মহিলা কলেজের শিক্ষক মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন জানান, পরীক্ষা শুরুর প্রায় ১০ মিনিট আগে হলে প্রবেশ করেছিলেন সাগর। উত্তরপত্রে রোল নম্বর লেখার পরই তিনি অসুস্থ হয়ে পড়েন। এরপর দ্রুত তাঁকে হাসপাতালে পাঠানোর ব্যবস্থা করা হয়।

চুয়াডাঙ্গা সরকারি কলেজের ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের সহকারী অধ্যাপক রকিবুল ইসলাম শাহীন বলেন, শিক্ষার্থী অসুস্থ হওয়ার খবর পেয়ে তিনি দ্রুত ঘটনাস্থলে যান। সাগরকে হাসপাতালে নেওয়া হলেও তাঁকে বাঁচানো যায়নি।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের জরুরি বিভাগে কর্তব্যরত চিকিৎসক ডা. ইসরাত জেরিন জেসি পরীক্ষা-নিরীক্ষা শেষে সাগরকে মৃত ঘোষণা করেন। চিকিৎসকের প্রাথমিক ধারণা, হৃদরোগে আক্রান্ত হয়ে তাঁর মৃত্যু হয়ে থাকতে পারে।

ভুলেও চোখ তুলে তাকাবেন না

(প্রথম পৃষ্ঠার পর)

শেখ হাসিনা অগ্নিসন্ত্রাসে উসকানি দিচ্ছেন বলেও মন্তব্য করেন তিনি।

গতকাল বৃহস্পতিবার (২৬ নভেম্বর) দুপুরে ঝিনাইদহের শৈলকুপায় ঐতিহাসিক কামান্না গণহত্যা দিবস উপলক্ষে আয়োজিত দোয়া মাহফিলে এসব কথা বলেন আইনমন্ত্রী।

আসাদুজ্জামান বলেন, ক্ষমতার লোভে পড়ে অগ্নিসন্ত্রাস ও জ্বালাও-পোড়াও করে দেশে অস্থিতিশীলতা সৃষ্টির পাঁয়তারা করা হচ্ছে। গোপালগঞ্জের সাধারণ মানুষ জ্বালাও-পোড়াও পছন্দ করেন না। সেখানে পলাতক ফ্যাসিবাদের সন্ত্রাসীরা সাধারণ মানুষকে জিম্মি করে অপতৎপরতা চালাচ্ছে। সরকার সব অপরাধ আমলে নিচ্ছে। কোনো অপরাধীকে ছাড় দেওয়া হবে না।

ঐতিহাসিক কামান্না গণহত্যা দিবস উপলক্ষে ২৭ বীর শহীদের স্মরণে আয়োজিত দোয়া মাহফিল ও আলোচনা সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক নোমান হোসেন। জেলা মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিলের সাবেক কমান্ডার কামালুজ্জামানের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আহমেদ আযম খান। বিশেষ অতিথি ছিলেন প্রধানমন্ত্রীর রাজনৈতিক সহকারী রাশেদ খাঁন, জেলা পুলিশ সুপার মিয়া মোহাম্মদ আশিস বিন হাছান, জেলা পরিষদের প্রশাসক এমএ মজিদ ও শৈলকুপা উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক হুমায়ুন বাবর ফিরোজ।

জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ ও প্রদর্শনী

(প্রথম পৃষ্ঠার পর)

হাসপাতাল প্রাঙ্গণে জেলা প্রশাসন ও প্রাণিসম্পদ বিভাগের আয়োজনে এই প্রাণিসম্পদ সপ্তাহ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রান্তিক খামারিদের গবাদিপশু ও হাঁস-মুরগির জন্য ফ্রি চিকিৎসা ও ভ্যাকসিন ক্যাম্প অনুষ্ঠিত হয়।

প্রাণিসম্পদ সপ্তাহ প্রদর্শনী অনুষ্ঠানে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-এর কারিগরি সহযোগিতায় এবং এগ্রো-মাইক্রোএন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইউনিট প্রকল্পের আওতায় অংশগ্রহণ করে বেসরকারি উন্নয়ন সংস্থা ওয়েভ ফাউন্ডেশন। অংশগ্রহণকারী সদস্যদের উদ্যোগে উন্নত জাতের গবাদিপশু ও পোল্ট্রি ক্যাটাগরির অধীনে দুম্বা ও দেশি হাঁস-মুরগি প্রদর্শন করা হয়। প্রদর্শনীর অন্যতম বিশেষ আকর্ষণ হিসেবে ছিল বিদেশি জাতের দুম্বা, দেশি প্রজাতির হাঁস-মুরগি এবং পরিবেশবান্ধব সমন্বিত খামার ব্যবস্থাপনার মডেল 'খামারের বর্জ্য যখন সম্পদ: পরিবেশবান্ধব খামার চক্র'। স্টলে রাখা দুম্বা, দেশি প্রজাতির হাঁস-মুরগি এবং বর্জ্য ব্যবস্থাপনার এই আধুনিক মডেলটি দেখতে অতিথি এবং দর্শনার্থীদের মধ্যে ব্যাপক কৌতূহল ও ভিড় লক্ষ্য করা গেছে।

মডেলটিতে তিনটি ধাপে একটি পূর্ণাঙ্গ পরিবেশবান্ধব খামার চক্র তুলে ধরা হয়েছে। প্রথম ধাপে খামারের বর্জ্য হিসেবে গবাদিপশু ও হাঁস-মুরগির গোবর, বিষ্ঠা ও মূত্র সংগ্রহ করা হয়। দ্বিতীয় ধাপে এই বর্জ্য কাজে লাগিয়ে তিনটি পৃথক প্রক্রিয়ায়—বায়োগ্যাস প্ল্যান্টের মাধ্যমে জ্বালানি ও বিদ্যুৎ, কম্পোস্ট পিটে কেঁচো সার (ভার্মিকম্পোস্ট) এবং উচ্চ প্রোটিনসমৃদ্ধ পশু-পাখি ও মাছের খাদ্য হিসেবে বিএসএফ (ব্ল্যাক সোলজার ফ্লাই) লার্ভা উৎপাদন করা হয়। তৃতীয় ও চূড়ান্ত ধাপে এই উৎপাদিত জৈব সার ও লার্ভা কৃষিজমি, ঘাস চাষ এবং মাছের পুকুরে ব্যবহৃত হয়। যেখান থেকে উৎপাদিত ফসল ও ঘাস পুনরায় খামারের প্রাণীদের খাদ্য হিসেবে ফিরে আসে। পাশাপাশি খামারিদের জন্য আধুনিক অটো-ড্রিঙ্কার, ভার্মিকম্পোস্ট এবং সাইলেজ (পশুখাদ্য) প্রদর্শন করা হয়।

আয়োজকরা জানান, দেশি প্রজাতির প্রাণিসম্পদ সংরক্ষণ, প্রান্তিক খামারিদের আধুনিক ও পরিবেশবান্ধব প্রযুক্তির সাথে পরিচয় করিয়ে দেওয়া, বিনামূল্যে চিকিৎসাসেবা নিশ্চিত করা এবং প্রাণিসম্পদ খাতকে রপ্তানিমুখী করে গড়ে তোলাই দিনব্যাপী এই প্রদর্শনীর মূল লক্ষ্য।

এ সময় স্টল পরিদর্শন করেন চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য মাসুদ পারভেজ রাসেল, স্থানীয় সরকারের উপপরিচালক শারমিন আক্তার, সিভিল সার্জন ডা. হাদী জিয়া উদ্দিন আহমেদ, অতিরিক্ত জেলা পুলিশ সুপার কানিজ ফাতেমা, জেলা প্রাণিস

দৈনিক আকাশ খবর
সত্য নিষ্ঠায় নিঃশব্দ বিপ্লব
THE DAILY AKASH KHABAR
www.akashkhabar.com

শুক্রবার ২৭ নভেম্বর, ২০২৬ খ্রিস্টাব্দ, ১২ অগ্রহায়ণ, ১৪৩৩ বঙ্গাব্দ
বর্ষ-২১, সংখ্যা-১৪৫

বিশ্ব সংবাদ

কোন খাত নিয়ে কী অভিযোগ যুক্তরাষ্ট্রের



ছবি: আকাশখবর

● নিজস্ব প্রতিবেদক:

যুক্তরাষ্ট্রের বাণিজ্য প্রতিনিধির (ইউএসটিআর) কার্যালয় বাংলাদেশের ওপর সর্বোচ্চ ১৮ শতাংশ শুল্ক আরোপের যে প্রস্তাব করেছে, সেখানে তারা মূলত তিনটি খাতে অন্যায্য চর্চার দাবি করেছে। ইউএসটিআর তাদের তদন্তের ফলাফল উল্লেখ করেছে। বাংলাদেশের বিষয়ে ইউএসটিআরের খাতভিত্তিক পর্যবেক্ষণ এখানে তুলে ধরা হলো।

দেশের সর্ববৃহৎ ও ৮০ শতাংশের বেশি রপ্তানি আয় আনা তৈরি পোশাক শিল্পের বিষয়ে ইউএসটিআরের শুনানি সংক্রান্ত নোটিশে এ খাতের অতিরিক্ত সক্ষমতা ও চীনা কাঁচামাল নির্ভরতার বিষয়ে বিশেষ পর্যবেক্ষণ তুলে ধরা হয়েছে। খাতটিকে যুক্তরাষ্ট্রের বাণিজ্য ক্ষতির সবচেয়ে বড় ক্ষেত্র হিসেবে চিহ্নিত করা হয়েছে।

ইউএসটিআরের দলিলে বলা হয়েছে, ২০২৩ সালে বাংলাদেশের মোট রপ্তানি আয়ের ৮৫ শতাংশ এবং জিডিপির প্রায় ১১ শতাংশ এসেছে তৈরি পোশাক খাত থেকে। প্রায় ৩ হাজার ৫০০টি পোশাক কারখানা রয়েছে, যার প্রায় সবই রপ্তানিমুখী। বিশ্ববাজারে সস্তা ও শ্রমঘন পোশাক সরবরাহে বাংলাদেশ চীনের পরেই দ্বিতীয় বৃহত্তম অবস্থানে রয়েছে। ২০২৫ সালে মার্কিন পোশাক আমদানির মোট পরিমাণের ১০ দশমিক ৭ শতাংশ যোগান দিয়েছে বাংলাদেশ।

ইউএসটিআরের পর্যালোচনায় দেখা যায়, তৈরি পোশাক খাতের কাঁচামালের ৮০ শতাংশেরই উৎস চীন। কৃত্রিম সুতা, ডাইং রাসায়নিক এবং তৈরি কাপড়ের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাপকভাবে চীনের ওপর নির্ভরশীল। ফলে চীনে উৎপাদিত সস্তা ও ভর্তুকিপ্রাপ্ত কাঁচামাল ব্যবহার করে বাংলাদেশে পোশাক তৈরি হচ্ছে এবং তা যুক্তরাষ্ট্রের বাজারে মার্কিন উৎপাদকদের প্রতিযোগিতার বাইরে ঠেলে দিচ্ছে।

২০১৭ থেকে ২০২২ সালের মধ্যে বাংলাদেশে বস্ত্র ও পোশাক খাতের বার্ষিক প্রবৃদ্ধির হার ছিল ১০ দশমিক ৯ শতাংশ। এর বিপরীতে যুক্তরাষ্ট্রে এই প্রবৃদ্ধির হার ছিল মাত্র শূন্য দশমিক ৩ শতাংশ। দীর্ঘ মেয়াদে মার্কিন বস্ত্র শিল্প সংকুচিত হওয়ার পেছনে বাংলাদেশের এই কৃত্রিম উৎপাদন প্রবৃদ্ধিকে অন্যতম কারণ হিসেবে দেখছে ইউএসটিআর।

ইউএসটিআরের ৩০১ ধারার তদন্তে বাংলাদেশের সিমেন্ট শিল্প সম্পর্কে বেশ কিছু তথ্য ও পর্যবেক্ষণ স্থান পেয়েছে। যুক্তরাষ্ট্রের অভিযোগ—এ খাতে অপ্রয়োজনীয় উৎপাদন সক্ষমতা তৈরি করা হয়েছে যা আন্তর্জাতিক বাণিজ্যের ভারসাম্য নষ্ট করছে।

প্রতিবেদনের তথ্য অনুযায়ী, ২০০৫ থেকে ২০২৫ সাল পর্যন্ত গত ২০ বছরে বাংলাদেশে সিমেন্ট উৎপাদনের বার্ষিক প্রবৃদ্ধির হার ছিল ১০ দশমিক ৩ শতাংশ। ২০০৫ সালে যেখানে বাংলাদেশের সিমেন্ট উৎপাদন ছিল খুব সামান্য, ২০২৫ সালে তা দাঁড়িয়েছে প্রায় ৩৬ মিলিয়ন মেট্রিক টনে। অন্যদিকে একই সময়ে যুক্তরাষ্ট্রে সিমেন্ট উৎপাদনের প্রবৃদ্ধির হার ছিল ঋণাত্মক (মাইনাস শূন্য দশমিক ৯ শতাংশ)।

ইউএসটিআর উল্লেখ করেছে, বাংলাদেশ সিমেন্ট রপ্তানিতে ৩ শতাংশ নগদ প্রণোদনা প্রদান করে। রাষ্ট্রীয় সহায়তায় এবং মুক্ত বাজার অর্থনৈতিক চর্চা নেই, এমন দেশ থেকে কাঁচামাল এনে সিমেন্ট খাতের এই কৃত্রিম বিস্তার মার্কিন সিমেন্ট উৎপাদকদের বৈশ্বিক সুযোগ ও বাজার সম্ভাবনা ক্ষতিগ্রস্ত করছে।

বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তম সম্ভাবনাময় ক্ষেত্র চামড়া ও চামড়াজাত শিল্পের বিষয়েও ইউএসটিআর সতর্কবার্তা দিয়েছে। জুতা, ব্যাগ ও প্রক্রিয়াজাত চামড়া খাতে বাংলাদেশ যেভাবে প্রণোদনা দিচ্ছে, তা বিশ্ববাজারে অন্যান্য দেশের জন্য অসমান প্রতিযোগিতার পরিবেশ তৈরি করছে বলে অভিযোগ দেশটির।

প্রতিবেদনে বলা হয়, পোশাক খাতের মতো চামড়া খাতেও সরকার নগদ প্রণোদনা ও বিশেষ অর্থনৈতিক অঞ্চলে অগ্রাধিকার দিচ্ছে। এছাড়া চীন থেকে চামড়া শিল্পে প্রত্যক্ষ বৈদেশিক বিনিয়োগ এবং কারখানা হস্তান্তরের যে উদ্যোগ নেওয়া হয়েছে, তা যুক্তরাষ্ট্রের উদ্বেগের মূল কারণ। যুক্তরাষ্ট্র মনে করছে, চীনের অতিরিক্ত উৎপাদন সক্ষমতা বজায় রাখার জন্য বাংলাদেশকে একটি মাধ্যম হিসেবে ব্যবহার করা হচ্ছে, যা মার্কিন বাজারে একই জাতীয় পণ্যের দেশীয় সরবরাহকারীদের ক্ষতিগ্রস্ত করছে।

ইউএসটিআর ওষুধ ও কাঁচামাল রপ্তানিতে বাংলাদেশ ৬ শতাংশ নগদ প্রণোদনা দেওয়া নিয়ে প্রশ্ন তুলেছে। ইউএসটিআরের মতে, সরকারের এই সহায়তা বিশ্ববাজারে ওষুধ রপ্তানিতে মার্কিন প্রতিষ্ঠানগুলোর বিপরীতে অসম সুবিধা তৈরি করছে। সিরামিক পণ্য রপ্তানিতেও ৬ শতাংশ সরকারি নগদ সাহায্য দেওয়া হয়। এর ফলে আন্তর্জাতিক সিরামিক বাজারে মার্কিন প্রস্তুতকারকরা প্রতিযোগিতায় পিছিয়ে পড়ছে বলে অভিযোগ তাদের।

দেশের ঐতিহ্যবাহী পাট খাত নিয়ে মার্কিন প্রতিবেদনে ভিন্ন এক চিত্র উঠে এসেছে। একদিকে কাঁচা পাটের বাজারে অস্বাভাবিক মূল্যবৃদ্ধি ও সংকটের কারণে বেসরকারি পাটকলগুলো বন্ধের মুখোমুখি হচ্ছে বলে বাংলাদেশ জুট মিলস অ্যাসোসিয়েশনের বরাতে উল্লেখ করা হয়েছে। অন্যদিকে প্রক্রিয়াজাত পাটজাত পণ্যে সরকারি প্রণোদনাকে মার্কিন বাণিজ্য নীতির বিপরীত হিসেবে দেখানো হয়েছে।

ব্যাটারি রপ্তানিতে ১০ শতাংশ এবং বাইসাইকেল রপ্তানিতে ৩ শতাংশ নগদ প্রণোদনা সুবিধা দেওয়া হচ্ছে, যা আন্তর্জাতিক বাণিজ্যের মুক্ত নীতিমালার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয় বলে মনে করে দেশটি। বাংলাদেশে ইলেকট্রনিক্স ও হালকা প্রকৌশল খাতে চীনা যন্ত্রপাতির বিস্তার ঘটছে। সেলাই মেশিন, নিটিং মেশিনসহ মূলধনি যন্ত্রপাতির বৃহৎ অংশ চীন থেকে আমদানির কারণে মার্কিন যন্ত্র প্রস্তুতকারক প্রতিষ্ঠানগুলো বাংলাদেশে বাজার হারাচ্ছে বলেও অভিযোগ ইউএসটিআরের।

তেলের দাম ৩ টাকা বাড়ল

(২য় পৃষ্ঠার পর)

দেশের বাজারে দাম বাড়ানো হয়নি। এতে স্বাভাবিক আমদানি ও সরবরাহ ধরে রাখা কঠিন হয়ে পড়ছিল।

আসন্ন রমজান মাসে সারা দেশে ভোজ্যতেলের পর্যাপ্ত মজুত ও সরবরাহ স্বাভাবিক রাখতে আন্তর্জাতিক বাজার ও বর্তমান আমদানি খরচের সঙ্গে মিল রেখে দাম সমন্বয়ের দাবি জানান ব্যবসায়ীরা।

বাজারে ভোজ্যতেলের সরবরাহ স্বাভাবিক রাখতে সভায় ব্যবসায়ীদের প্রয়োজনীয় নির্দেশনা দেওয়ার সিদ্ধান্ত হয়েছে। পাশাপাশি কৃত্রিম সংকট সৃষ্টি, অবৈধ মজুতদারি এবং সরকার নির্ধারিত দামের চেয়ে বেশি দামে তেল বিক্রির বিরুদ্ধে কঠোর আইনি ব্যবস্থা নিতে জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর ও জেলা প্রশাসনকে নির্দেশ দেওয়া হয়েছে।

সভায় বাংলাদেশ ট্রেড অ্যান্ড ট্যারিফ কমিশনের চেয়ারম্যান নাসির উদ্দৌলা, বাণিজ্য মন্ত্রণালয়ের সচিবের দায়িত্ব পালনকারী অতিরিক্ত সচিব খাদিজা নাজনীনসহ সংশ্লিষ্ট সরকারি সংস্থা ও ব্যবসায়ী সংগঠনের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

নিয়োগ ও সুরক্ষা আইন হচ্ছে

(প্রথম পৃষ্ঠার পর)

প্রণয়নের কাজ করছে।

গতকাল বৃহস্পতিবার (২৬ নভেম্বর) দুপুরে রাজধানীর বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয়ের মিল্টন হলে 'ন্যাশনাল ভাস্কুলার ডে ২০২৬' এবং 'হেলথ জার্নালিজম ওয়ার্কশপ' উপলক্ষে আয়োজিত এক গোলটেবিল আলোচনায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

স্বাস্থ্য প্রতিমন্ত্রী ড. এম এ মুহিত বলেন, দীর্ঘদিনের পুঞ্জীভূত ক্ষোভ ও অব্যবস্থাপনার কারণে বর্তমানে চিকিৎসক, সাংবাদিক ও প্রশাসনের মধ্যে এক ধরনের দূরত্ব তৈরি হয়েছে।

আমাদের এই আস্থার সংকট কাটিয়ে উঠতে হবে। অভিযোগ প্রমাণের আগেই গণমাধ্যমে চটকদার বা নেতিবাচক শিরোনাম করলে পেশাজীবীদের সম্মান ক্ষুণ্ন হয়। আবার হাসপাতালের ভেতরের সমস্যা সমাধানে বৈঠক ও গঠনমূলক আলোচনাই সবচেয়ে কার্যকর।

স্বাস্থ্য খাতের বর্তমান পদক্ষেপ ও ভবিষ্যৎ পরিকল্পনা তুলে ধরে ড. এম এ মুহিত জানান, ইতোমধ্যে ৫ হাজার চিকিৎসক নিয়োগের প্রক্রিয়া শুরু হয়েছে এবং এর পরপরই আরও ৫ হাজার চিকিৎসক নিয়োগ দেওয়া হবে। পাশাপাশি নার্স, মেডিকেল টেকনোলজিস্ট ও স্বাস্থ্যকর্মী নিয়োগের উদ্যোগও নেওয়া হয়েছে।

হাসপাতালের বহির্বিভাগে রোগীদের ভোগান্তি কমাতে ডিজিটাল পদ্ধতির কথা উল্লেখ করে স্বাস্থ্য প্রতিমন্ত্রী বলেন, জাতীয় চক্ষুবিজ্ঞান ইনস্টিটিউটে পরীক্ষামূলকভাবে অনলাইন টিকিট ও সময় নির্ধারণ স্লট পদ্ধতি চালু করা হয়েছে। আগামী এক থেকে দুই সপ্তাহের মধ্যে আগারগাঁওয়ের আরও পাঁচ-ছয়টি বিশেষায়িত হাসপাতালে এই ডিজিটাল সেবা পুরোপুরি চালু হবে। এতে রোগীদের আর ভোররাত থেকে লাইনে দাঁড়াতে হবে না এবং দালালদের দৌরাত্ম্যও কমবে।

এছাড়া বিগত সময়ে নির্মিত হয়ে পড়ে থাকা পরিত্যক্ত ট্রমা সেন্টার ও শিশু হাসপাতালগুলো চালুর উদ্যোগ নেওয়া হয়েছে বলে জানান স্বাস্থ্য প্রতিমন্ত্রী ড. মুহিত।

তিনি বলেন, আগামী এক মাসের মধ্যে দেশের বিভিন্ন বিভাগে পড়ে থাকা পাঁচটি শিশু হাসপাতাল প্রয়োজনীয় জনবল ও যন্ত্রপাতি দিয়ে চালু করা হবে। পাশাপাশি আগামী ১৩ তারিখ থেকে দেশব্যাপী নতুনভাবে পরিবার পরিকল্পনা ক্যাম্পেইন শুরু হবে এবং অ্যান্টিবায়োটিক প্রতিরোধী (অ্যান্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স) ঝুঁকি মোকাবিলায় চিকিৎসা শিক্ষার পাঠ্যক্রম হালনাগাদ করা হচ্ছে।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ডা. এফ এম সিদ্দিকী, সহ-উপাচার্য অধ্যাপক নজরুল ইসলাম, ইউরোলজি বিভাগের অধ্যাপক ডা. রফিকুল ইসলাম।

বাংলাদেশ ভাস্কুলার সোসাইটি, আরিজ ফাউন্ডেশন, প্ল্যাটফর্ম টুডে এবং ডিএমডি মিডিয়ার যৌথ উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানে আরও বক্তব্য দেন ডা. রফিকুল ইসলাম ও সাংবাদিক রাইসুল হক চৌধুরী। অনুষ্ঠান পরিচালনা করেন ইব্রাহিম কার্ডিয়াক হাসপাতালের বিভাগীয় প্রধান ডা. সাকলায়েন রাসেল।

জেলা কারাগারে ককটেল বোমা নিক্ষেপ

(শেষ পৃষ্ঠার পর)

কুষ্টিয়া জেলা কারাগারের জেল সুপার শরিফুল আলম বলেন, মোটরসাইকেলে করে তিনজন এসে সড়কের ওপর থেকে ককটেল বোমা নিক্ষেপ করেছে। তবে এ ঘটনায় কোনো ক্ষয়ক্ষতি হয়নি। বিষয়টি তদন্ত করা হচ্ছে।

কুষ্টিয়া মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জাকির হোসেন বলেন, সিসি ক্যামেরার ফুটেজ পর্যালোচনা করা হচ্ছে। জড়িতদের শনাক্ত করে দ্রুত আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

বিকল্প রুটে খুলনা-ঢাকার নতুন ট্রেন

(শেষ পৃষ্ঠার পর)

কর্মকর্তাদের প্রয়োজনীয় নির্দেশনা দেওয়া হয়েছে।

ঝিনাইদহ আইনজীবী সমিতির সভাপতি মশিউর

(শেষ পৃষ্ঠার পর)

সংস্কৃতি, গ্রন্থাগার ও প্রযুক্তি সম্পাদক শেখ শফিউল আলম লুলু, ক্রীড়া ও প্রমোদ সম্পাদক পান্না বিশ্বাস এবং ধর্ম ও বিজ্ঞান সম্পাদক মোজাম্মেল হক। নির্বাহী সদস্যরা হলেন দবির হোসেন, রাশিদুল হাসান জাহাঙ্গীর, শামসুজ্জামান লাকি, আকিদুল ইসলাম, মাসুদুর রহমান-২, বিনা খাতুন, জাহিদুর রহমান, মহিদুল ইসলাম এবং রফিকুজ্জামান মল্লিক মাখন।

সেচ পাম্পের ৩ ট্রান্সফরমার চুরি

(৩য় পৃষ্ঠার পর)

ফসলের ভরা মৌসুম চলছে। এ মুহূর্তে সেচ কার্যক্রম বন্ধ হয়ে যাওয়ায় মাঠের প্রায় ১০০ বিঘা জমির ফসল পানির অভাবে নষ্ট হওয়ার উপক্রম হয়েছে। নতুন করে ট্রান্সফরমার কিনে সংযোগ দিতে গেলে যেমন বড় অঙ্কের টাকার প্রয়োজন, তেমনি সময়েরও ব্যাপার। দ্রুত ট্রান্সফরমার স্থাপন করা না হলে অপূরণীয় ক্ষতির মুখে পড়তে হবে বলে আশঙ্কা করছেন তাঁরা।

এ বিষয়ে সংশ্লিষ্ট পল্লী বিদ্যুৎ অফিস এবং আলমডাঙ্গা থানায় অভিযোগ দায়েরের প্রস্তুতি চলছে বলে জানিয়েছেন পাম্প সংশ্লিষ্টরা।

কপি-সবজিতে পোকার তাণ্ডব

(শেষ পৃষ্ঠার পর)

জমিতে বাঁধাকপির আবাদ হয়েছে; উৎপাদন লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৩৫ হাজার ৫০০ মেট্রিক টন। খরিপ মৌসুমের কপি উত্তোলন ও বাজারজাতকরণ চলছে। পাশাপাশি রবি মৌসুমের সবজি উৎপাদনে ব্যস্ত সময় পার করছেন চাষিরা। তবে মৌসুমের গুরুত্বপূর্ণ সময়ে বাঁধাকপি ও ফুলকপিতে দেখা দিয়েছে বিভিন্ন প্রজাতির ক্ষতিকারক পোকার আক্রমণ। পোকায় আক্রান্ত হয়ে ঝাঁঝরা হয়ে যাচ্ছে পাতাগুলো, ক্ষতিগ্রস্ত হচ্ছে গাছের কাণ্ড ও সবজির স্বাভাবিক বৃদ্ধি। একই পরিস্থিতি দেখা দিয়েছে করলা, পটল, শসাসহ অন্যান্য সবজি ক্ষেতেও।

চাষিদের দাবি, প্রতিদিন সকাল-বিকাল কীটনাশক প্রয়োগ করেও পোকার আক্রমণ ঠেকানো যাচ্ছে না। কৃষি বিভাগের পরামর্শ নিয়েও কাঙ্ক্ষিত ফল মিলছে না। এতে একদিকে বাড়ছে উৎপাদন খরচ, অন্যদিকে ফসলের গুণগত মান ও উৎপাদন নিয়ে দেখা দিয়েছে অনিশ্চয়তা। শেষ পর্যন্ত পোকার আক্রমণ নিয়ন্ত্রণে না এলে জমিতে বিনিয়োগ করা অর্থ হারানোর আশঙ্কা করছেন কৃষকরা। সংকটের এই সময়ে কৃষি বিভাগের মাঠপর্যায়ে তৎপরতা ও প্রয়োজনীয় সহযোগিতা না পাওয়ার অভিযোগও তাদের। ভুক্তভোগী চারজন কৃষকের ভিডিও বক্তব্যে এই উদ্বেগজনক চিত্র উঠে এসেছে।

বাজারে ১৩০ টাকা ছাড়াল ডলার

(শেষ পৃষ্ঠার পর)

চেঞ্জার অ্যাসোসিয়েশনের আজকের দর নির্ধারিত আছে ১২৯ টাকা ৫০ পয়সা।

রাজধানীর মতিঝিলের বিভিন্ন মানি চেঞ্জারে খোঁজ নিয়ে জানা গেছে, গতকাল থেকেই ১৩০ টাকা ৫০ পয়সার নিচে কোথাও নগদ ডলার মিলছে না। গত মঙ্গলবার ছিল ১৩০ টাকার নিচে। দুই সপ্তাহ আগেও খোলা বাজারে প্রতি ডলার ১২৮ টাকার আশপাশে কেনাবেচা হয়েছিল।

খোলাবাজারের পাশাপাশি ব্যাংকেও বেড়েছে ডলারের দর। ব্যাংকগুলো এখন ১২৫ থেকে ১২৬ টাকা পর্যন্ত দরে রেমিট্যান্সের ডলার কিনছে। আর আমদানিতে ডলার বিক্রি করছে ১২৫ টাকা ৩০ পয়সা পর্যন্ত দরে।

সংশ্লিষ্টরা জানান, জ্বালানি আমদানিতে খরচ অনেক বেড়েছে। বিদেশি বিনিয়োগ কমে যাওয়া এবং রপ্তানি আয়ে কাঙ্ক্ষিত গতি না থাকায় বাজারে বৈদেশিক মুদ্রার সংকট তৈরি হয়েছে। পাশাপাশি বিদেশগামী যাত্রীদের যাতায়াত কমে যাওয়ায় নগদ ডলারের সরবরাহে ঘাটতি দেখা দিয়েছে।

মানি এক্সচেঞ্জ ব্যবসায়ীরা জানান, ব্যাংকগুলোতে গিয়ে আশানুরূপ নগদ ডলার না পাওয়ায় গ্রাহকরা খোলা বাজারের ওপর নির্ভরশীল হয়ে পড়েছেন। এতে হঠাৎ করেই চাহিদা বেড়ে যাওয়ায় দামের ওপর চাপ তৈরি হয়েছে।

জেঁকে বসেছে শীত

(শেষ পৃষ্ঠার পর)

শহরের মানুষের আনাগোনা কমতে শুরু করেছে। প্রয়োজন ছাড়া কেউ সকালে ঘরের বাইরে বের হচ্ছে না। গ্রাম থেকে কাজের সন্ধানে শহরে শীত উপেক্ষা করে আসছে শ্রমিকরা। সকালের দিকে হালকা কুয়াশার চাদরে মোড়ানো থাকছে গোটা শহরটি। তবে শীতের এই মৌসুমে সবচেয়ে বেশি বিপাকে পড়েছেন নিম্ন আয়ের মানুষ। ভোরের ঠান্ডা বাতাস উপেক্ষা করে জীবিকার তাগিদে রিকশা, ভ্যান নিয়ে সড়কে বের হয়েছেন তাঁরা। শীতের কারণে যাত্রী কমে যাওয়ায় কমেছে আয়ও। এছাড়া সড়কের পাশে ফুটপাতে বসতে শুরু করেছে নতুন-পুরোনো গরম পোশাকের দোকান।

জেলা আবহাওয়া পর্যবেক্ষণাগারের ভারপ্রাপ্ত কর্মকর্তা জামিনুর রহমান বলেন, চুয়াডাঙ্গায় নামতে শুরু করেছে তাপমাত্রার পারদ। সকাল-সন্ধ্যায় শীত অনুভূত হচ্ছে। তাপমাত্রা কমে যাওয়ার পাশাপাশি কুয়াশা ও হিমেল বাতাসের কারণে শীত বাড়তে শুরু করেছে। সামনের দিনগুলোতে তাপমাত্রা আরও কমতে থাকবে।

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের প্রতিষ্ঠাবার্ষিকী আজ

> "উর্বর মাটি, অক্ষরের মিনার: শব্দের মিছিলে জাগুক প্রাণের অঙ্গীকার

● নিজস্ব প্রতিবেদক:

সীমান্ত জনপদ চুয়াডাঙ্গার মননশীল ও সাংস্কৃতিক চর্চার প্রধান বাতিঘর 'চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদ' তাদের গৌরবময় ৪৯তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপনে বর্ণাঢ্য প্রস্তুতি সম্পন্ন করেছে। 'উর্বর মাটি, অক্ষরের মিনার: শব্দের মিছিলে জাগুক প্রাণের অঙ্গীকার'—এই হৃদয়গ্রাহী প্রতিপাদ্যে আজ ২৭ নভেম্বর শুক্রবার সকাল ৯টায় পরিষদ মিলনায়তনে দিনব্যাপী নানা আয়োজনের পর্দা উঠবে। জাতীয় সংগীতের সুরে জাতীয় ও প্রতিষ্ঠানের পতাকা উত্তোলনের মধ্য দিয়ে দিনের আনুষ্ঠানিকতা শুরু হবে, যার পরপরই অতিথিদের আসন গ্রহণ ও ফুলেল শুভেচ্ছা বিনিময় পর্ব অনুষ্ঠিত হবে।

সাহিত্য ও সংস্কৃতির এই মিলনমেলায় পরিষদের প্রয়াত সদস্যদের আত্মার মাগফিরাত কামনায় এক মিনিট নীরবতা পালন করা হবে, যা সংগঠনের শেকড় ও স্মৃতির প্রতি শ্রদ্ধারই বহিঃপ্রকাশ। স্বাগত বক্তব্যের পর জেলার বিভিন্ন সাহিত্য ও সাংস্কৃতিক সংগঠনের প্রতিনিধিদের শুভেচ্ছা বক্তব্যে প্রাণবন্ত হয়ে উঠবে অনুষ্ঠানস্থল, আর দুপুর ২টায় শুরু হবে আকর্ষণীয় আবৃত্তি ও সাংস্কৃতিক অনুষ্ঠান।

আয়োজকদের সূত্রে জানা গেছে, এ মহতী আয়োজনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার সম্মতি দিয়েছেন জেলা পরিষদের প্রশাসক শরীফুজ্জামান শরীফ। এছাড়া বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ অধ্যাপক সিদ্দিকুর রহমান এবং চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি নাজমুল হক স্বপন। প্রতিষ্ঠাবার্ষিকী উৎসব ঘিরে স্থানীয় কবি, সাহিত্যিক, শিক্ষাবিদ ও সংস্কৃতিকর্মীদের মাঝে ইতোমধ্যেই বেশ উদ্দীপনা তৈরি হয়েছে। প্রায় পাঁচ দশক ধরে লোকজ ঐতিহ্য ও আধুনিক সাহিত্যচর্চার সেতুবন্ধন রচনা করা এই প্রতিষ্ঠানের ৪৯তম বর্ষপূর্তি চুয়াডাঙ্গার সাংস্কৃতিক অঙ্গনে নতুন মাত্রা যোগ করবে বলে মনে করছেন সংশ্লিষ্টরা।

ঠিকাদার কল্যাণ সমিতির কমিটি গঠন

(শেষ পৃষ্ঠার পর)

আরিফ হোসেন জোয়ার্দার সোনা।

এই কমিটির অন্যান্য সদস্যরা হলেন—সহসভাপতি শহিদুল ইসলাম রতন, সহসাধারণ সম্পাদক আবু জাফর মন্টু ও আশরাফ বিশ্বাস মিন্টু এবং প্রচার-দপ্তর সম্পাদক দেলওয়ার হোসেন দিনু। এই কমিটির দুজন উপদেষ্টা হলেন খন্দকার আব্দুর জব্বার সোনা ও ইঞ্জিনিয়ার রফিকুল ইসলাম।

সংগঠনের পক্ষ থেকে জানা গেছে, পরবর্তীতে এই কার্যকরী কমিটিতে সদস্য সংখ্যা বাড়তে পারে।

খেলাধুলা

চ্যাম্পিয়নস লিগে পিএসজির ড্র, বায়ার্নের হার

● ক্রীড়া ডেস্ক:

চ্যাম্পিয়নস লিগের বর্তমান শিরোপাধারী প্যারিস সেন্ট-জার্মেই (পিএসজি) রোমার সঙ্গে ২-২ গোলে ড্র করেছে। অন্যদিকে, ১-০ গোলে এগিয়ে থেকেও লিলের মাঠে ২-১ ব্যবধানে হেরেছে বায়ার্ন মিউনিখ। এদিকে স্পোর্টিংয়ের সঙ্গে ২-২ গোলে ড্র করেছে ম্যানচেস্টার ইউনাইটেড। ফলে ক্লাবটির কোচ হিসেবে এখনো জয়ের দেখা পাননি মাউরিসিও পচেত্তিনো।

রোমার সঙ্গে ড্রয়ের পর পয়েন্ট তালিকার দ্বিতীয় স্থানে নেমে গেছে পিএসজি। শীর্ষে থাকা রিয়াল মাদ্রিদের চেয়ে দুই পয়েন্ট পিছিয়ে রয়েছে তারা। মঙ্গলবার পিএসভিকে ৫-১ গোলে উড়িয়ে দিয়ে শেষ ষোলোর প্লে-অফে অন্তত একটি স্থান নিশ্চিত করেছে মাদ্রিদ।

ম্যাচের পঞ্চম মিনিটেই মাতিয়াস সুলের পাস থেকে গোল করে রোমাকে এগিয়ে দেন মারিও হারমোসো। তার নিখুঁত ফিনিশিংয়ে শুরুতেই চাপে পড়ে পিএসজি।

তবে ৩১তম মিনিটে কর্নার থেকে গোল করে সমতা ফেরান ইলিয়া জাবারনি। এরপর ৬২তম মিনিটে বক্সের মধ্যে আশরাফ হাকিমি ফাউলের শিকার হলে পেনাল্টি পায় পিএসজি। স্পটকিক থেকে গোল করে দলকে এগিয়ে দেন উসমান দেম্বেলে।

কিন্তু ম্যাচের শেষ দিকে ভীতিনহার হ্যান্ডবলের কারণে পেনাল্টি পায় রোমা। ৭৮তম মিনিটে সেই সুযোগ কাজে লাগিয়ে গোল করেন ডনিয়েল মালেন। তাতে ২-২ সমতায় শেষ হয় ম্যাচ।

প্রাইম ভিডিওকে হারমোসো বলেন, 'দল যেভাবে মাঠে নেমেছে এবং টানা দুটি চ্যাম্পিয়নস লিগ জেতা একটি দলের বিপক্ষে আমরা যেভাবে খেলেছি, তা বিবেচনায় এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই ফলাফল একটি বিশাল অর্জন।'

সপ্তাহান্তে বরুশিয়া ডর্টমুন্ডের কাছে বুন্দেসলিগার শীর্ষস্থান হারানোর পর চ্যাম্পিয়নস লিগেও ঘুরে দাঁড়াতে পারেনি বায়ার্ন মিউনিখ। চোটের কারণে হ্যারি কেইন ও মাইকেল ওলিসহ কয়েকজন গুরুত্বপূর্ণ খেলোয়াড়কে ছাড়াই মাঠে নামে জার্মান ক্লাবটি।

১৫তম মিনিটে কর্নার থেকে দায়োত উপামেকানোর হেডে এগিয়ে যায় বায়ার্ন। ৪৬তম মিনিটে আয়াসে উয়েদার গোলটি ফাউলের কারণে বাতিল হয়। তবে ৬২তম মিনিটে আবারও গোল করে লিলকে সমতায় ফেরান তিনি।

এর তিন মিনিট পরই এগিয়ে যায় স্বাগতিকেরা। ৬৫তম মিনিটে ইথান এমবাপ্পের শট পোস্টে লেগে ফিরে আসার পর বল নিজেদের জালে পাঠিয়ে দেন বায়ার্নের আলেকজান্ডার পাভলোভিচ। তাতেই ২-১ গোলের জয় নিশ্চিত হয় লিলের।

ডিএজেডএনকে বায়ার্নের কনরাড লাইমার বলেন, 'আমরা প্রথমার্ধ খুব দৃঢ়তার সঙ্গে খেলেছি। আমরা আক্রমণাত্মক ছিলাম, ভালো প্রাণশক্তি ছিল এবং অনেক দ্বৈরথে জিতেছি। দ্বিতীয়ার্ধে আমরা এর কিছুটা হারিয়ে ফেলি। তখন প্রতিপক্ষের জন্য কাজটা খুব সহজ হয়ে যায়। আমরা আমাদের সামর্থ্য অনুযায়ী খেলতে পারিনি।'

লিভারপুলের কাছে প্রিমিয়ার লিগে ৪-০ গোলে হেরে ম্যানচেস্টার ইউনাইটেডের কোচ হিসেবে অভিষেক হয়েছিল মাউরিসিও পচেত্তিনোর। চ্যাম্পিয়নস লিগে স্পোর্টিংয়ের বিপক্ষে জয় দিয়ে ঘুরে দাঁড়ানোর লক্ষ্য ছিল তার দলের। তবে শেষ পর্যন্ত ২-২ গোলে ড্র করেই সন্তুষ্ট থাকতে হয়েছে ইউনাইটেডকে।

৩০তম মিনিটে লুইস সুয়ারেজের পেনাল্টি মিসে প্রথমে রক্ষা পায় ইংলিশ ক্লাবটি। তবে তিন মিনিট পর আবারও পেনাল্টি পায় স্পোর্টিং। এবার স্পটকিক থেকে গোল করতে ভুল করেননি সুয়ারেজ।

দ্বিতীয়ার্ধের শুরুতে ঘুরে দাঁড়ায় ইউনাইটেড। ৪৮তম মিনিটে পেনাল্টি থেকে সমতা ফেরান ব্রুনো ফার্নান্দেস। এর দুই মিনিট পর আবারও গোল করে দলকে এগিয়ে দেন পর্তুগিজ এই মিডফিল্ডার।

তবে ৮০তম মিনিটে নিজের দ্বিতীয় গোল করে স্পোর্টিংকে সমতায় ফেরান সুয়ারেজ। যোগ করা সময়ে ইউনাইটেডের ইউরি তিয়েলেমানস লাল কার্ড দেখে মাঠ ছাড়েন। ফলে ইউনাইটেডের ডাগআউটে প্রথম জয়ের অপেক্ষা আরও দীর্ঘ হয় পচেত্তিনোর।

টিএনটি স্পোর্টসকে পচেত্তিনো বলেন, 'আপনি কোন দৃষ্টিভঙ্গিতে খেলাটি বিশ্লেষণ করতে পছন্দ করেন, তার ওপর এটি নির্ভর করে। খেলোয়াড়দের নিয়ে আমি ভীষণ গর্বিত। এটি খুব কঠিন একটি ম্যাচ ছিল। পুরো ৯০ মিনিট দলের খেলা, তাদের ব্যক্তিত্ব এবং চারিত্রিক দৃঢ়তা আমার ভালো লেগেছে।'

তিনি আরও বলেন, 'আমরা যেভাবে খেলতে চাই, তা দেখিয়েছি। আমরা কেবল এক সপ্তাহ ধরে একসঙ্গে কাজ

শুক্রবার
২৭ নভেম্বর, ২০২৬ খ্রিস্টাব্দ
১২ অগ্রহায়ণ, ১৪৩৩ বঙ্গাব্দ

দৈনিক আকাশ খবর
সত্য নিষ্ঠায় নিঃশব্দ বিপ্লব
THE DAILY AKASH KHABAR

শেষ পাতা ৪

www.akashkhabar.com
/akashkhabar/

কামান্না গণহত্যা দিবস

বাংলাদেশ আর কারও দাসত্ব মানবে না: মুক্তিযুদ্ধমন্ত্রী

■ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী

শৈলকুপায় ২৭ বীর শহিদের স্মরণে আলোচনা সভায় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রীর বক্তব্য



ছবি: আকাশখবর

- কামান্না গণহত্যা দিবসে ২৭ বীর শহিদকে স্মরণ
- উস্কানিমূলক বক্তব্যে পা না দেওয়ার আহ্বান
- মুক্তিযোদ্ধাদের ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান

● ঝিনাইদহ অফিস:

বাংলাদেশ আর কখনোই কারো দাসত্ব মানবে না বলে মন্তব্য করেছেন মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আহমেদ আজম খান। তিনি বলেছেন, বাংলাদেশ আর আগের জায়গায় নেই। বাংলাদেশ জাতিসংঘের এমন এক সদস্য দেশ, জাতিসংঘের সভাপতি এখন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী। গতকাল বৃহস্পতিবার দুপুরে ঝিনাইদহের শৈলকুপায় ঐতিহাসিক কামান্না গণহত্যা দিবস উপলক্ষে ২৭ বীর শহিদদের স্মরণে দোয়া মাহফিল ও আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এসব কথা বলেন।

মন্ত্রী বলেন, প্রতিবেশী দেশের এক মন্ত্রী ১৬ ডিসেম্বর বাংলাদেশের একাংশ দখলের ঘোষণা দিয়েছে। আমরা মনে করি, তাদের এ ধরনের বক্তব্য উস্কানিমূলক। আমরা তাদের উস্কানিতে পা দেবো না। বাংলাদেশ নিয়ে ষড়যন্ত্র করে, জ্বালাও পোড়াও করে অস্থিরতা তৈরি করে কোনো লাভ হবে না। দেশের জনগণ নাশকতার ফাঁদে পা দেবে না। এ সময় তিনি অনুষ্ঠানে উপস্থিত বীর মুক্তিযোদ্ধাদের প্রতি দেশের স্বার্থে ও গণতন্ত্রের স্বার্থে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান। দোয়া মাহফিল ও আলোচনা সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক নোমান হোসেন। জেলা মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিলের সাবেক কমান্ডার কামালুজ্জামানের সঞ্চালনায় দোয়া মাহফিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আহমদ আজম খান।

উন্নয়ন কার্যক্রম পরিদর্শন

চুয়াডাঙ্গায় বিভাগীয় কমিশনারের উন্নয়ন প্রকল্প পরিদর্শন

সরকারি সেবার মান ও প্রকল্প বাস্তবায়নের অগ্রগতি ঘুরে দেখলেন বিভাগীয় কমিশনার

● নিজস্ব প্রতিবেদক:

চুয়াডাঙ্গায় বিভিন্ন উন্নয়ন প্রকল্প ও সরকারি দপ্তরের কার্যক্রম পরিদর্শন করেছেন খুলনার বিভাগীয় কমিশনার আবদুল্লাহ হারুন। গতকাল বৃহস্পতিবার (২৬ নভেম্বর) পরিদর্শনকালে তিনি উন্নয়নকাজের অগ্রগতি, সরকারি সেবার মান এবং প্রকল্প বাস্তবায়নের সার্বিক বিষয়ে খোঁজখবর নেন।

বিভাগীয় কমিশনার চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়, সহকারী কমিশনারের (ভূমি) কার্যালয়, পৌর ভূমি অফিস ও আলোকদিয়া ইউনিয়ন পরিষদ পরিদর্শন করেন। এ ছাড়া তিনি চিৎলা ইউনিয়নের কুলপালা গ্রামের উন্নয়ন প্রকল্পসহ বিভিন্ন স্থাপনা ও চলমান উন্নয়ন কার্যক্রম ঘুরে দেখেন।

পরিদর্শনকালে চুয়াডাঙ্গার জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট আলমগীর কবীর, স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক শারমিন আক্তারসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।



ছবি: আকাশখবর



ছবি: আকাশখবর

মেহেরপুরে সবজি চাষে সংকট

মেহেরপুরে কপি-সবজিতে পোকার তাণ্ডব, দিশাহারা কৃষক

কীটনাশক ছিটিয়েও মিলছে না সুফল, লোকসানের শঙ্কায় চাষিরা

● নিজস্ব প্রতিবেদক:

সকাল-বিকাল জমিতে কীটনাশক, তবুও থামছে না পোকার তাণ্ডব। একের পর এক ওষুধ ছিটিয়েও রক্ষা করা যাচ্ছে না বাঁধাকপি, ফুলকপি ও অন্যান্য সবজি। পাতার পর পাতা ঝাঁঝরা, কাণ্ড ক্ষতবিক্ষত, চোখের সামনেই নষ্ট হচ্ছে কৃষকের স্বপ্ন আর ঘামঝরানো পরিশ্রম।

ফসল বাঁচাতে বাড়তি অর্থ ঢালছেন চাষিরা, কিন্তু মিলছে না কাঙ্ক্ষিত সুফল। উৎপাদন খরচ বাড়লেও ফসলের ভবিষ্যৎ অনিশ্চিত। এমন পরিস্থিতিতে বড় ধরনের লোকসানের আশঙ্কায় দিশাহারা মেহেরপুরের সবজি চাষিরা। সংকটের এই সময়ে কৃষি বিভাগের কার্যকর পরামর্শ ও মাঠপর্যায়ের সহযোগিতা না পাওয়ার অভিযোগও তুলেছেন তারা।

সবজি উৎপাদনে দেশের অন্যতম সুপরিচিত জেলা মেহেরপুরে চলতি খরিপ মৌসুমে ৪৬৫ হেক্টর জমিতে ফুলকপি ও ৬৩০ হেক্টর জমিতে বাঁধাকপির আবাদ হয়েছে। রবি মৌসুমে ফুলকপি চাষ হয়েছে ১ হাজার ২৫৩ হেক্টর জমিতে, যার উৎপাদন লক্ষ্যমাত্রা ৩১ হাজার ৯১ মেট্রিক টন।

এ ছাড়া ১ হাজার ২৯৫ হেক্টর

▶ এরপর পৃষ্ঠা-৩ কলাম ৩

বিকল্প রুটে খুলনা-ঢাকার নতুন ট্রেন

● নিজস্ব প্রতিবেদক:

নিরাপত্তার স্বার্থে খুলনা-ঢাকা রুটের জাহানাবাদ এক্সপ্রেস ও ঢাকা-বেনাপোল রুটের রূপসী বাংলা এক্সপ্রেসের চলাচল সাময়িকভাবে স্থগিত করেছে বাংলাদেশ রেলওয়ে। তবে খুলনার সঙ্গে ঢাকার রেল যোগাযোগ সচল রাখতে বিকল্প পথে চালু করা হচ্ছে নতুন ট্রেন 'জাহানাবাদ বিকল্প এক্সপ্রেস'। আগামীকাল শনিবার থেকে খুলনা-চুয়াডাঙ্গা-পোড়াদহ-রাজবাড়ী-ঢাকা রুটে চলাচল করবে ট্রেনটি। গতকাল বৃহস্পতিবার বাংলাদেশ রেলওয়ের পশ্চিমাঞ্চলের চিফ অপারেটিং সুপারিনটেনডেন্টের (সিওপিএস) কার্যালয় থেকে এ-সংক্রান্ত নির্দেশনা জারি করা হয়।

পশ্চিমাঞ্চলের সিনিয়র সহকারী চিফ অপারেটিং সুপারিনটেনডেন্ট আব্দুল আওয়াল স্বাক্ষরিত চিঠিতে বলা হয়েছে,

- আগামীকাল শনিবার থেকে
- পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বিকল্প রুটে

পারিপার্শ্বিক পরিস্থিতি ও সার্বিক অবস্থা বিবেচনায় যাত্রী এবং রেলওয়ের নিরাপত্তার স্বার্থে ট্রেন দুটি সাময়িকভাবে বন্ধ রাখা হয়েছে। পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বিকল্প রুটে 'জাহানাবাদ বিকল্প এক্সপ্রেস' পরিচালনা করা হবে। রেলওয়ে সূত্র জানায়, নতুন ট্রেনটির কোচ বিন্যাস, মার্শালিং ও আসনসংখ্যা জাহানাবাদ এক্সপ্রেসের মতোই রাখা হয়েছে। ট্রেনটির নিরাপত্তা নিশ্চিত করতে খুলনা ও ঢাকার সংশ্লিষ্ট রেলওয়ে নিরাপত্তা বাহিনী এবং পাকশী ও ঢাকার

▶ এরপর পৃষ্ঠা-৩ কলাম ৪

কুষ্টিয়া জেলা কারাগারে ককটেল বোমা নিক্ষেপ

● নিজস্ব প্রতিবেদক:

কুষ্টিয়া জেলা কারাগারের প্রধান ফটক লক্ষ্য করে ককটেল বোমা নিক্ষেপ করেছে দুর্বৃত্তরা।

গতকাল বৃহস্পতিবার (২৬ নভেম্বর) ভোর ৫টার দিকে মোটরসাইকেলে করে আসা তিনজন দুর্বৃত্ত সড়কের ওপর থেকে বোমাটি নিক্ষেপ করে পালিয়ে যায়। বিকট শব্দে বোমাটি বিস্ফোরিত হলে আশপাশের এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়ে। তবে এ ঘটনায় কেউ হতাহত হননি।

পুলিশ, কারা কর্তৃপক্ষ ও স্থানীয় সূত্রে জানা যায়, ভোরে একটি মোটরসাইকেলে করে তিনজন দুর্বৃত্ত কুষ্টিয়া জেলা কারাগারের সামনে আসে। এ সময় তারা সড়কের ওপর থেকে কারাগারের প্রধান ফটক লক্ষ্য করে একটি ককটেল বোমা নিক্ষেপ করে। বোমাটি বিস্ফোরণের পর দ্রুত ঘটনাস্থল ত্যাগ করে তারা। ঘটনার পর পুলিশ আশপাশের সিসি ক্যামেরার ফুটেজ সংগ্রহ করেছে। ফুটেজ পর্যালোচনা করে দুর্বৃত্তদের শনাক্তের চেষ্টা চলছে।

- বিকট শব্দে বোমাটি বিস্ফোরিত হলে আশপাশের এলাকায়
- তবে এ ঘটনায় কেউ হতাহত হননি
- বোমাটি বিস্ফোরণের পর দ্রুত ঘটনাস্থল ত্যাগ করে তারা



▶ এরপর পৃষ্ঠা-৩ কলাম ৪

এক কলাম

চুয়াডাঙ্গা

চুয়াডাঙ্গায় ঠিকাদার কল্যাণ সমিতির কমিটি গঠন

রাফিকুল্লাহ মহলদার সভাপতি ও আরিফ হোসেন জোয়ার্দার সোনা সাধারণ সম্পাদক নির্বাচিত

● নিজস্ব প্রতিবেদক:

চুয়াডাঙ্গায় জেলা ঠিকাদার কল্যাণ সমিতির ৬ সদস্যবিশিষ্ট তিন বছর মেয়াদি কমিটি গঠন করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার সন্ধ্যা ৭টার দিকে জেলা বিএনপির কার্যালয়ে এক আলোচনা সভায় এই কমিটি গঠন করা হয়। কমিটিতে ঠিকাদারদের সম্মতিক্রমে সভাপতি নিযুক্ত করা হয় রাফিকুল্লাহ মহলদার ও সাধারণ সম্পাদক হন

▶ এরপর পৃষ্ঠা-৩ কলাম ৫

ঝিনাইদহ আইনজীবী সমিতি

ঝিনাইদহ আইনজীবী সমিতির সভাপতি মশিউর, সম্পাদক শফিউল

২০২৭ সালের নির্বাহী পরিষদের নির্বাচনে সব প্রার্থী বিনা প্রতিদ্বন্দ্বিতায় বিজয়ী হয়েছেন



ছবি: আকাশখবর

- সভাপতি পদে এস এম মশিউর রহমান নির্বাচিত
- সাধারণ সম্পাদক পদে শফিউল আলম নির্বাচিত
- পূর্ণাঙ্গ প্যানেলের সব প্রার্থী বিনা প্রতিদ্বন্দ্বিতায় বিজয়ী

● ঝিনাইদহ অফিস:

ঝিনাইদহ জেলা আইনজীবী সমিতির ২০২৭ সালের নির্বাহী পরিষদের বার্ষিক নির্বাচন সম্পন্ন হয়েছে। নির্বাচনে কোনো প্রতিদ্বন্দ্বী না থাকায় সভাপতি পদে এস এম মশিউর রহমান এবং সাধারণ সম্পাদক পদে শফিউল আলমসহ পূর্ণাঙ্গ প্যানেলের সব প্রার্থী বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন। গতকাল বৃহস্পতিবার বিকেলে জেলা আইনজীবী সমিতি ভবনে আনুষ্ঠানিকভাবে নির্বাচিতদের নাম ঘোষণা করেন সমিতির প্রধান নির্বাচন কমিশনার অ্যাডভোকেট মোহাম্মদ তারিকুল আলম। ফলাফল ঘোষণার পর আইনজীবী সমিতি প্রাঙ্গণে নবনির্বাচিত কমিটির নেতাদের ফুল দিয়ে শুভেচ্ছা জানান সহকর্মী আইনজীবীরা।

নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে, ২০২৭ সালের নির্বাহী পরিষদের নির্বাচনে নির্ধারিত পদগুলোর বিপরীতে কোনো প্রতিদ্বন্দ্বী প্রার্থী না থাকায় গঠনতন্ত্র অনুযায়ী সব প্রার্থীকে বিনা প্রতিদ্বন্দ্বিতায় বিজয়ী ঘোষণা করা হয়। নির্বাচিতরা হলেন সহ-সভাপতি কাজী একরামুল হক আলম, সহ-সাধারণ সম্পাদক ইসারত হোসেন খোকন, কোষাধ্যক্ষ মোর্শেদ ইমাম বাবু, সাহিত্য,

▶ এরপর পৃষ্ঠা-৩ কলাম ৪

ভ্রাম্যমাণ আদালতের অভিযান

চুয়াডাঙ্গায় কালু ভাইয়ের হোটেলে ৫ হজার টাকা জরিমানা

মেয়াদোত্তীর্ণ মালামাল ও লাইসেন্স না থাকায় ভোক্তা অধিকার আইনে এই জরিমানা করা হয়।

● নিজস্ব প্রতিবেদক:

মেয়াদোত্তীর্ণ হলুদ ও অন্যান্য মালামাল পাওয়ায় চুয়াডাঙ্গার জনপ্রিয় কালু ভাইয়ের হোটেলকে ৫ হাজার টাকা জরিমানা করেছে জেলা প্রশাসনের ভ্রাম্যমাণ আদালত। বুধবার (২৫ নভেম্বর) দিবাগত রাত ১২টার পর হোটেলটিতে এ অভিযান পরিচালনা করা হয়। জানা গেছে, প্রয়োজনীয় লাইসেন্স ছাড়াই পরিচালিত হচ্ছিল হোটেলটি। ভ্রাম্যমান আদালতের অভিযানে মেয়াদোত্তীর্ণ হলুদ ও অন্যান্য মালামাল পাওয়ার পর ভোক্তা অধিকার আইনে প্রতিষ্ঠানটিকে ৫ হাজার টাকা জরিমানা করা হয়। অভিযান পরিচালনা করেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট আব্দুল্লাহ আল শামীম। তিনি বলেন, হোটেলটিতে মেয়াদোত্তীর্ণ হলুদ ও অন্যান্য মালামাল পাওয়া গেছে। এসব অভিযোগে ৫ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

- মেয়াদোত্তীর্ণ হলুদ ও অন্যান্য মালামাল উদ্ধার
- প্রয়োজনীয় লাইসেন্স ছাড়াই হোটেল পরিচালনা
- ভোক্তা অধিকার আইনে ৫ হাজার টাকা জরিমানা



মুদ্রা বাজারে অস্থিরতা

খোলা বাজারে ১৩০ টাকা ছাড়াল ডলার

সরবরাহ ঘাটতি ও বাড়তি চাহিদায় খোলা বাজারে ডলারের দাম ১৩০ টাকা ছাড়িয়েছে

- খোলা বাজারে বিক্রি ১৩০ টাকা ৫০ থেকে ৭০ পয়সা
- মানি চেঞ্জার অ্যাসোসিয়েশনের নির্ধারিত দর ১২৯ টাকা ৫০ পয়সা
- ব্যাংকে রেমিট্যান্সের ডলার কেনা হচ্ছে ১২৫ থেকে ১২৬ টাকায়



ছবি: আকাশখবর

● নিজস্ব প্রতিবেদক:

ব্যাংকিং চ্যানেলের পাশাপাশি দেশের খোলা বাজারেও বেড়েছে ডলারের দাম। চাহিদার তুলনায় সরবরাহ কম থাকায় প্রতি ডলারের বিনিময় মূল্য ১৩০ টাকা ছাড়িয়েছে। গত দু'দিন ধরে ডলার বিক্রি হচ্ছে ১৩০ টাকা ৫০ পয়সা থেকে ১৩০ টাকা ৭০ পয়সা দরে। যদিও মানি

▶ এরপর পৃষ্ঠা-৩ কলাম ৪

চুয়াডাঙ্গায় জেঁকে বসেছে শীত

● নিজস্ব প্রতিবেদক:

চুয়াডাঙ্গায় জেঁকে বসতে শুরু করেছে শীত। সন্ধ্যার পর থেকে সকাল পর্যন্ত শীত অনুভূত হচ্ছে। চারদিকে থাকছে হালকা কুয়াশা। সকাল সাতটার পর থেকে সূর্যের দেখা মিললেও বয়ে চলেছে হিমশীতল বাতাস। ফলে সীমান্তবর্তী এ জেলায় জানান দিতে শুরু করেছে শীত চলে এসেছে।

চুয়াডাঙ্গা আবহাওয়া পর্যবেক্ষণাগারের তথ্য অনুযায়ী, গতকাল বৃহস্পতিবার সকাল ৬টায় তাপমাত্রা রেকর্ড করা হয় ১৫ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস। একই তাপমাত্রা সকাল ৯টাতেও রেকর্ড করা হয়েছে। এই দুটি সময়ে বাতাসের আর্দ্রতা ছিল ৯৬ শতাংশ। এটি চলতি মৌসুমের জেলার সর্বনিম্ন তাপমাত্রা বলে নিশ্চিত করেছেন পর্যবেক্ষণাগারের ভারপ্রাপ্ত কর্মকর্তা জামিনুর রহমান।

গতকাল সকালের দিকে চুয়াডাঙ্গা শহর ঘুরে দেখা গেছে, সকালের দিকে

▶ এরপর পৃষ্ঠা-৩ কলাম ৪



- একই তাপমাত্রা সকাল ৯টাতেও রেকর্ড করা হয়েছে
- এই দুটি সময়ে বাতাসের আর্দ্রতা ছিল ৯৬ শতাংশ
- চুয়াডাঙ্গায় জেঁকে বসতে শুরু করেছে শীত

প্রধান সম্পাদক : অ্যাড. মানিক আকবর, সম্পাদক ও প্রকাশক : জান্নাতুল আওলিয়া নিশি কর্তৃক মুন সুপার মার্কেট (৩য় তলা), শহীদ হাসান চত্বর, বড় বাজার চুয়াডাঙ্গা-৭২০০ থেকে প্রকাশিত ও এম. হুসাইন প্রিন্টার্স থেকে মুদ্রিত।
যোগাযোগ: ০১৭৮১-৬৪৫২৪২। বাণিজ্যিক বিভাগ : ০১৭৮০-২৫১৭৯৯। Email: akashkhabar@gmail.com